কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে
সর্বাধিক পঠিত কর্মপত্রিকা
Source: Average Issue Readership, IRS 2019 Q3

ISSN 0971-7765

কর্মক্ষেত্র

বাঙালির কর্মজীবনের প্রবেশপথ

বর্ষ ৪১ সংখ্যা ৩৭ কলকাতা বুধবার, ১৪ এপ্রিল ২০২১/১ ৩১ চৈত্র ১৪২৭ দাম ৪.০০ টাকা ৮ পাতা R. N. 37120/80

কেন্দ্রীয় সরকারে ৮২২ অফিসার
প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর
...পৃঃ ৬

রাজ্যের ৭২৩৭ আসনে

নার্সিংয়ের ডিপ্লোমা ও সার্টিফিকেট কোর্সে ভর্তি

পশ্চিমবঙ্গের বিভিন্ন সরকারি এবং বেসরকারি কলেজে অক্সিলারি নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি (এ এন এম) এবং জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি (জি এন এম) কোর্সে ভর্তির প্রবেশিকা পরীক্ষা আয়োজিত হবে ২২ অগস্ট (রবিবার)। পরীক্ষাটি পরিচালনা করবে পশ্চিমবঙ্গ জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশনস বোর্ড। এ এন এম কোর্সের ক্ষেত্রে শুধু মহিলারা আবেদন করবেন। প্রার্থীকে স্থায়ী বাসিন্দা হিসেবে পশ্চিমবঙ্গে অন্তত ৫ বছর টানা বসবাস করে থাকতে হবে। এ এন এম কোর্সের ক্ষেত্রে প্রার্থীকে সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েতের স্থায়ী বাসিন্দা হিসেবে অন্তত ৫ বছর টানা বসবাস করে থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই

প্রবেশিকা পরীক্ষা ২২ অগস্ট

বাংলায় বলতে, পড়তে ও লিখতে জানতে হবে (নেপালিভাষীদের ক্ষেত্রে প্রযোজ্য নয়)। প্রসঙ্গত, জি এন এম ডিপ্লোমা কোর্স ও এ এন এম সার্টিফিকেট কোর্স।

আসনসংখ্যা: জি এন এম: ৬৭৩৭টি, এ এন এম: ৫০০টি।

শিক্ষাগত যোগ্যতা: স্বীকৃত প্রতিষ্ঠান থেকে মোট অন্তত ৪০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক পাশ। ইংরেজিতে ৪০ শতাংশ নম্বর থাকতে হবে। ভোকেশনাল শাখায় উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরাও আবেদন করতে পারেন। সেক্ষেত্রে হেলথ কেয়ার সায়েন্স বা এগ্রিকালচার বা হোম সায়েন্স শাখা নিয়ে পড়ে থাকতে হবে। বয়স: ৩১-১২-২০২০ তারিখে ৩৫ বছরের মধ্যে হতে হবে।

স্টাইপেন্ড: শুধু এ এন এম কোর্সে পাঠরতরা পাবেন প্রতি মাসে ৫০০ টাকা।

মোট ৬৫ নম্বরের পরীক্ষায় মাল্টিপল চয়েস প্রশ্ন হবে এইসব বিষয়ে: লাইফ সায়েন্সস (২৫ নম্বর), ফিজিক্যাল সায়েন্স (১৫ নম্বর), অ্যারিথমেটিক (৫ নম্বর), ইংলিশ

এরপর আটের পাতায়

ইউ পি এস সি-র ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস পরীক্ষার মাধ্যমে

কেন্দ্রীয় সরকারে ২১৫ ইঞ্জিনিয়ার

২১৫ জন ডিগ্রি ইঞ্জিনিয়ার নিয়োগ করা হবে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন সার্ভিস ও সংস্থার বিভিন্ন পদে। সিভিল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল ও ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং ডিসিপ্লিনে নিয়োগ করা হবে। প্রার্থী বাছাই করবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন, 'ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস এক্সামিনেশন, ২০২১' পরীক্ষার মাধ্যমে। **পরীক্ষা ১৮ জুলাই।** তফসিলি এবং ও বি সিদের জন্য সরকারি নিয়মানুসারে শূন্যপদ সংরক্ষিত হবে। দৈহিক প্রতিবন্ধীদের জন্য ৭টি শূন্যপদ সংরক্ষিত হবে।

শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিগ্রি। অথবা ইনস্টিটিউশন অব ইঞ্জিনিয়ার্স (ইন্ডিয়া)-এর সেকশন 'এ', 'বি' পাশ। অথবা ইনস্টিটিউশন অব ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ার্স (ইন্ডিয়া)-এর গ্র্যাজুয়েট মেম্বারশিপ পরীক্ষায় পাশ। অথবা অ্যারোনটিক্যাল সোসাইটি অব ইন্ডিয়ার অ্যাসোসিয়েট মেম্বারশিপ এক্সামিনেশন (পার্ট-টু, পার্ট-থ্রি/সেকশন 'এ', 'বি') পাশ।

বয়স: ১-১-২০২১ তারিখে ২১ থেকে ৩০ বছরের মধ্যে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ২-১-১৯৯১ থেকে ১-১-২০০০-এর মধ্যে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। লিখিত পরীক্ষা হবে ১৮ জুলাই। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা।

লিখিত পরীক্ষা হবে দু'টি পর্যায়ে। স্টেজ ওয়ানের পেপার-ওয়ানে থাকবে জেনারেল স্টাডিজ ও ইঞ্জিনিয়ারিং অ্যাপ্টিটিউড এবং পেপার-টুয়ে ইঞ্জিনিয়ারিংয়ের সংশ্লিষ্ট ডিসিপ্লিন-সংক্রান্ত প্রশ্ন। অবজেক্টিভ টাইপ প্রশ্ন হবে। পেপার-ওয়ানের মোট নম্বর ২০০ (সময় ২ ঘণ্টা), পেপার-টুয়ের মোট নম্বর ৩০০ (সময় ৩ ঘণ্টা)। স্টেজ টুয়ে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং বিষয়ে কনভেনশনাল প্রশ্ন হবে দু'টি পত্রে। প্রতি পত্রের নম্বর ৩০০, সময় ৩ ঘণ্টা করে। অর্থাৎ লিখিত পরীক্ষার মোট নম্বর ১,১০০। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। তৃতীয় পর্যায়ে পার্সোন্যালিটি টেস্ট হবে ২০০ নম্বরের। এই নিয়োগের এক্সামিনেশন নোটিস নম্বর: 07/2021-ENGG.

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.upsconline.nic.in ২৭ এপ্রিল পর্যন্ত অনলাইন দরখাস্ত করা যাবে। প্রার্থীর চালু ই-মেল

এরপর দুইয়ের পাতায়

বেসিলে ৩৮৬

ইনভেস্টিগেটর, সুপারভাইজর, মাল্টি টাস্কিং স্টাফ-সহ বিভিন্ন পদে ৩৮৬ জনকে নেবে ব্রডকাস্ট ইঞ্জিনিয়ারিং কনসালট্যান্টস ইন্ডিয়া লিমিটেড। এটি কেন্দ্রের তথ্য ও সম্প্রচার মন্ত্রকের অধীনস্থ একটি প্রতিষ্ঠান। চুক্তিতে নিয়োগ করা হবে এমপ্লয়মেন্ট এবং মাইগ্রেন্ট ওয়ার্কার্স সংক্রান্ত জাতীয় স্তরের সমীক্ষার কাজে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ৫৬।

শূন্যপদের বিবরণ: ইনভেস্টিগেটর: ৩০০টি। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক, সঙ্গে কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে। যে-রাজ্যে নিয়োগ হবে সেই রাজ্যের স্থানীয় ভাষা জানতে হবে। এন এস এস ও, লেবার ব্যুরো সার্ভে, সেন্সাস বা সমতুল সার্ভের কাজে

এরপর পাঁচের পাতায়

উত্তরপ্রদেশ বিদ্যুৎ নিগমে ১১৭ ট্রেনি জুনিয়র ইঞ্জিনিয়ার

ট্রেনি জুনিয়র ইঞ্জিনিয়ার পদে ১১৬ জনকে নেবে উত্তরপ্রদেশ রাজ্য বিদ্যুৎ উৎপাদন নিগম। পশ্চিমবঙ্গের প্রার্থীরা শুধু সাধারণ ক্যাটেগরির প্রার্থীদের জন্য নির্দিষ্ট শূন্যপদে আবেদন করতে পারবেন। সেজন্য এখানে সাধারণ ক্যাটেগরির প্রার্থীদের জন্য নির্দিষ্ট ১১৭টি শূন্যপদের বিষয়ে জানানো হল। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: U-38/UPRBUASA/2021.

শূন্যপদের বিবরণ: **ইলেক্ট্রিক্যাল:** ৪২টি, **মেকানিক্যাল:** ৪৬টি, **ইলেক্ট্রনিক্স/কন্ট্রোল অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন:** ২৩টি, **কম্পিউটার:** ৬টি।

শিক্ষাগত যোগ্যতা: ইলেক্ট্রিক্যাল বা মেকানিক্যাল বা ইলেক্ট্রনিক্স বা কন্ট্রোল অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন বা ইনস্ট্রুমেন্টেশন বা কম্পিউটার ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা অথবা এ আই সি টি ই কর্তৃক প্রদত্ত ন্যাশনাল সার্টিফিকেট পেয়ে থাকতে হবে।

প্রার্থীকে হিন্দি জানতে হবে। না হলে চাকরিতে যোগদানের ৩ বছরের মধ্যে হিন্দি ভাষা পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

বয়স: ১-১-২০২১ তারিখে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে।

বেতন: ৪৪,৯০০ টাকা।

এরপর আটের পাতায়

ঘরে বসে সুগন্ধী তৈরি করে উপার্জন করুন

গ্রীষ্মে সুগন্ধীর বাজার থাকে চড়া। নামীদামি ব্র্যান্ডের পারফিউম বাজারে অজস্র। কিন্তু পছন্দসই সুগন্ধের রাসায়নিক বিহীন ঘরোয়া সুগন্ধীর চাহিদাও নেহাত নগণ্য নয়। অনেকেই ঘরে বসে পারফিউম বানিয়ে ভালো রোজগার করছেন। ক্রেতার পছন্দ অনুযায়ী পারফিউম বানিয়ে দেওয়া হয় বলে দ্রুত জনপ্রিয় হচ্ছে ঘরোয়া সুগন্ধীর ব্যবসা।

নিজস্ব প্রতিনিধি: গ্রীষ্মের দাবদাহ ক্রমশ বাড়ছে। আর, গরম মানেই ঘাম। অতিরিক্ত ঘাম মানেই শরীরে কটু গন্ধ। তাই বছরের এই সময়টায় নারী-পুরুষ সকলের মধ্যেই পারফিউম বা সুগন্ধীর ব্যবহার বেড়ে যায়। যাঁরা সারা বছর সুগন্ধী ব্যবহার করেন না, তাঁরাও গরমে বাড়ি থেকে বেরনোর আগে সুগন্ধী মেখে বের হন।

বাজারে নানা ধরনের সুগন্ধী পাওয়া যায়। কিন্তু ঠিক যে-গন্ধটি পছন্দ, তেমনটি বাজারে নাও মিলতে পারে। বেশির ভাগ সময়েই মেলে না। তাই কম-বেশি সমঝোতা করেই অন্য কোনও সুগন্ধী বেছে নিতে হয়। ইদানীং ঘরোয়া ভাবে অনেকেই সুগন্ধী তৈরি করছেন। তাঁদের কাছে মিলবে কাস্টমাইজড পারফিউম, অর্থাৎ মনের মতো নির্দিষ্ট সুগন্ধের পারফিউম। যাঁরা স্পর্শকাতর ত্বকের জন্য সুগন্ধী ব্যবহার করতে চেয়েও পারেন না, তাঁদের জন্যও ঘরে তৈরি এই সুগন্ধী আদর্শ। কারণ, এ ধরনের পারফিউমে নামমাত্র রাসায়নিক ব্যবহার করা হয়। অনেক ক্ষেত্রে কেবলই এসেনশিয়াল অয়েল ব্যবহার করা হয়। সেজন্য এই ধরনের সুগন্ধীগুলি ত্বকের কোনও ক্ষতি করে না। দামও থাকে পকেটের নাগালে।

শুধু নিজের ব্যবহারের জন্য নয়, জন্মদিন, বিবাহবার্ষিকী বা যে-কোনও আনন্দ-উৎসবে ভালো উপহার হতে পারে ঘরে তৈরি, রাসায়নিক বিহীন পারফিউম। যাঁকে উপহার দেওয়া হচ্ছে, তাঁর পছন্দ জেনে কাস্টমাইজড পারফিউমও তৈরি করে দেওয়া যায়। হোমমেড কেক, কুকিজ, চকোলেট বা হাতে বানানো মোমবাতি বা শৌখিন গয়নার মতো দ্রুত জনপ্রিয় হচ্ছে হোমমেড পারফিউম বা ঘরে তৈরি সুগন্ধী।

দক্ষিণ ২৪ পরগনার সন্তোষপুরের বাসিন্দা অদিতি রায়চৌধুরী ঘরে বসে

এরপরআটের পাতায়

প্রকাশিত

এপ্রিল, ২০২১

পেশাপ্রবেশ



এই মুহূর্তের সবচেয়ে গুরুত্বপূর্ণ চাকরির জরুরি খবর

ডব্লু বি সি এস (প্রিলিমিনারি ও মেনের নমুনা প্রশ্নোত্তর), স্টাফ সিলেকশন কমিশনের কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল এবং হায়ার সেকেন্ডারি লেভেল, রাজ্য পুলিশের কনস্টেবল, রেল গ্রুপ 'ডি' ও আরও নানা সাম্প্রতিক খবর নিয়ে নিয়মিত বিভাগ

আজই আপনার সংবাদপত্র বিক্রেতাকে বলে রাখুন।

sosideas

এয়ারফোর্সে ১৩১২ গ্রুপ 'সি'

বিভিন্ন পদে ১,৩১২ জন গ্রুপ 'সি' কর্মী নেবে ভারতীয় বিমানবাহিনী। নিয়োগ হবে দেশের ওয়েস্টার্ন এয়ার কমান্ড, ইস্টার্ন এয়ার কমান্ড, সাদার্ন এয়ার কমান্ড, সেন্ট্রাল এয়ার কমান্ড, মেইন্টেন্যান্স কমান্ড এবং ট্রেনিং কমান্ড ইউনিটের বিভিন্ন এয়ারফোর্স স্টেশনে। মাল্টিটাস্কিং স্টাফ, কুক, ক্লার্ক, সুপারিন্টেন্ডেন্ট-সহ বিবিধ পদে নিয়োগ হবে।

এয়ারফোর্স স্টেশন অনুসারে শূন্যপদ: ওয়েস্টার্ন এয়ার কমান্ড ইউনিট: নিউ দিল্লি: স্টেনোগ্রাফার গ্রেড-টু ৩টি, সুপারিন্টেন্ডেন্ট (স্টোর) ১টি, কুক (ও জি) ১টি, হাউস কিপিং স্টাফ ৩টি, মেস স্টাফ ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Commanding Officer, HQ WAC (U) AF, Subroto Park, New Delhi, PIN-110010.

শ্রীনগর: কুক (ও জি) ৩টি, হিন্দি টাইপিস্ট ১টি, হাউস কিপিং স্টাফ ৩টি, মেস স্টাফ ৩টি, মাল্টিটাস্কিং স্টাফ ৫টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commading, AF Station Srinagar (J&K), PIN-190007.

নিউ দিল্লি: হিন্দি টাইপিস্ট ১টি, লোয়ার ডিভিশন ক্লার্ক ২টি, হাউসকিপিং স্টাফ ৫টি, লণ্ড্রিম্যান ১টি, মেস স্টাফ ৪টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, AF Station Palam, New Delhi-110010.

আম্বালা ক্যান্টনমেন্ট: স্টেনোগ্রাফার গ্রেড-টু ১টি, হাউস কিপিং স্টাফ ৭টি, মেস স্টাফ ১০টি, মাল্টিটাস্কিং স্টাফ ২টি, সি এস অ্যান্ড এস এম ডব্লু ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, AF Station Ambala, Ambala Cantt. (Haryana), PIN-133001.

জলন্ধর: সুপারিন্টেন্ডেন্ট (স্টোর) ২টি, স্টোরকিপার ২টি, লোয়ার ডিভিশন ক্লার্ক ১টি, সি এম টি ডি (ও জি) ২টি, কুক (ও জি) ১টি, কার্পেন্টার ১টি, হাউস কিপিং স্টাফ ৮টি, লণ্ড্রিম্যান ১টি, মেস স্টাফ ৪টি, মাল্টি টাস্কিং স্টাফ ৫টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, AF Station Adampur, Post Office Adampur (AD), Distt. Jalandhar (Punjab), PIN-144103.

লুধিয়ানা: স্টেনোগ্রাফার গ্রেড-টু ১টি, সুপারিন্টেন্ডেন্ট (স্টোর) ১টি, স্টোরকিপার ১টি, কুক (ও জি) ৩টি, কার্পেন্টার ১টি, হাউস কিপিং স্টাফ ৭টি, হাউস কিপিং স্টাফ (মহিলা সাফাইকর্মী) ১টি, ওয়ার্ড সহায়িকা ১টি, লণ্ড্রিম্যান ১টি, মেস স্টাফ ৯টি, ভালকানাইজার ১টি, মাল্টি টাস্কিং স্টাফ ১১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, AF Station Halwara, Halwara-AD, Teh-Raikot, Distt. Ludhiana (Punjab), PIN-144106.

চণ্ডিগড়: কার্পেন্টার ১টি, হাউসকিপিং স্টাফ ৩টি, মেস স্টাফ ৯টি, মাল্টিটাস্কিং স্টাফ ১২টি, কুক (ও জি) ২টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, AF Station Chandigarh, Pin-160003.

পাঠানকোট: স্টেনোগ্রাফার গ্রেড-টু ১টি, হিন্দি টাইপিস্ট ১টি, মেস স্টাফ ৪টি, পেইন্টার ২টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, AF Station Pathankot, Teh.-Pathankot, Distt. Pathankot (Punjab), Pin-145001.

লাদাখ: কুক (ও জি) ২টি, মেস স্টাফ ১টি, মাল্টিটাস্কিং স্টাফ ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, AF Station Leh, Village-Spituk, Post Office- Leh, Ladakh (UT), Pin-194101.

নিউ দিল্লি: স্টেনোগ্রাফার গ্রেড-টু ১টি, সুপারিন্টেন্ডেন্ট (স্টোর) ১টি, লোয়ার ডিভিশন ক্লার্ক ১টি, কুক (ও জি) ৩টি, পেইন্টার ১টি, মেস স্টাফ ১০টি, মাল্টিটাস্কিং স্টাফ ৮টি, কার্পেন্টার ১টি, হাউস কিপিং স্টাফ ৩টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Station Commander, AF Station Rajokri, New Delhi, Pin-110038.

গাজিয়াবাদ: কুক (ও জি) ৫টি, মাল্টিটাস্কিং স্টাফ ৩টি, হাউস কিপিং স্টাফ ৪২টি, হাউস কিপিং স্টাফ (মহিলা সাফাইকর্মী) ১টি, মেস স্টাফ ১৩টি, ভালকানাইজার ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, AF Station Hindan Ghaziabad (UP), PIN-201004.

সাহারানপুর: মাল্টিটাস্কিং স্টাফ ৫টি, হাউস কিপিং স্টাফ ৪টি, মেস স্টাফ ৫টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, AF Station Sarsawa, Saharanpur (Uttar Pradesh), Pin-247232.

ভাথিন্ডা: মাল্টিটাস্কিং স্টাফ ৫টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, AF Station Bhisiana, Teh. & Distt. Bhathinda (Punjab), PIN-151201.

সিরসা: মেস স্টাফ: ৩টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, AF Station Sirsa, Sirsa (Haryana), PIN-125055

বিকানির: মেস স্টাফ: ৩টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Station Commander, AF Station Nal, Bikaner (Rajasthan), PIN-334001.

চাম্বা: মাল্টিটাস্কিং স্টাফ: ৪টি, হাউস কিপিং স্টাফ: ৩টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Station Commander, AF Station Dalhousie, Distt. Chamba (HP) Pin-176304.

কসৌলি: কুক (ও জি) : ৪টি, মাল্টিটাস্কিং স্টাফ: ৪টি, হাউস কিপিং স্টাফ: ৪টি, মেস স্টাফ: ৩টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Station Commander, AF Station Kasauli, Post-Kasauli, Distt. Solan (HP), PIN-173204.

ফরিদাবাদ: সুপারিন্টেন্ডেন্ট (স্টোর): ২টি, স্টোর কিপার : ১টি, কুক (ও জি): ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Station Commander, AF Station Faridabad, Dabua Colony, Faridabad (Haryana), PIN-121005.

নিউ দিল্লি: কুক (ও জি): ২টি, হাউস কিপিং স্টাফ: ১টি, মাল্টি টাস্কিং স্টাফ: ২টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, Master Control Centre, AF Station Basant Nagar, New Delhi, PIN-110010.

ট্রেনিং কমান্ড ইউনিটস: বেঙ্গালুরু: কুক (ও জি): ৪টি, সি এম টি ডি (ও জি): ২টি, লোয়ার ডিভিশন ক্লার্ক: ৭টি, সিনিয়র কম্পিউটার অপারেটর: ১টি, স্টেনোগ্রাফার গ্রেড-টু ১টি, সুপারিন্টেন্ডেন্ট স্টোর ২টি, হাউস কিপিং স্টাফ ৬টি, মেস স্টাফ ৬টি, মাল্টিটাস্কিং স্টাফ: ১০টি, ভালকানাইজার : ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Commanding Officer Training Command U, AF J.C. Nagar, Post. Hebbal, Bengaluru-560006.

জালাহাল্লি ওয়েস্ট, বেঙ্গালুরু: লোয়ার ডিভিশন ক্লার্ক ১টি, মাল্টি টাস্কিং স্টাফ ১৮টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, AF Station, Jalahalli West Bengaluru-560015.

জালাহাল্লি ওয়েস্ট, বেঙ্গালুরু: কুক (ও জি) ৯টি, সি এম টি ডি (ও জি) ১টি, লোয়ার ডিভিশন ক্লার্ক ৫টি, সুপারিন্টেন্ডেন্ট স্টোর ৪টি, হাউস কিপিং স্টাফ ২৬টি, মেস স্টাফ ১টি, মাল্টি টাস্কিং স্টাফ ১৮টি, পেইন্টার (এস কে) ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Commanding Officer, CTI, AF C/O AF Station, Jalahalli West, Bengaluru-560015.

জালাহাল্লি ওয়েস্ট, বেঙ্গালুরু: কুক (ও জি) ৩টি, লোয়ার ডিভিশন ক্লার্ক ১টি, সুপারিন্টেন্ডেন্ট স্টোর ১টি, হাউস কিপিং স্টাফ ৪টি, মেস স্টাফ ৫টি, পেইন্টার (এস কে) ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Commandant AF Tech College (AFTC), Jalahalli West, Bengaluru-560015.

ইয়েলাহাঙ্কা, বেঙ্গালুরু: কুক (ও জি) ৫টি, হিন্দি টাইপিস্ট ১টি, লোয়ার ডিভিশন ক্লার্ক ৪টি, স্টেনোগ্রাফার গ্রেড-টু ১টি, স্টোর কিপার ১টি, সুপারিন্টেন্ডেন্ট স্টোর ২টি, হাউস কিপিং স্টাফ ৭টি, মেস স্টাফ ৪টি, মাল্টি টাস্কিং স্টাফ ৬টি, পেইন্টার (এস কে) ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, AF Station Yelahanka, Bengaluru-560063.

বিমানপুরা, বেঙ্গালুরু: লোয়ার ডিভিশন ক্লার্ক ২টি, সুপারিন্টেন্ডেন্ট স্টোর ১টি, হাউস কিপিং স্টাফ ২টি, মাল্টি টাস্কিং স্টাফ ৬টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Commandant IAM, AF Vimanapura, Post. Bengaluru-560017.

ইয়ামলুর, বেঙ্গালুরু: কুক (ও জি) ২টি, মাল্টি টাস্কিং স্টাফ ২টি, পেইন্টার (এস কে) ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Commandant, ASTE, Yamlur, Bengaluru-560083.

অগ্রম, বেঙ্গালুরু: কুক (ও জি) ৪টি, লোয়ার ডিভিশন ক্লার্ক ২টি, সুপারিন্টেন্ডেন্ট স্টোর ২টি, আয়া/ওয়ার্ড সহায়িকা ৩টি, হাউস কিপিং স্টাফ ১টি, লণ্ড্রিম্যান ১, মেস স্টাফ ১টি, মাল্টি টাস্কিং স্টাফ ৩টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Commandant, Command Hospital AF, Agram Post, Bengaluru-560007.

অগ্রম, বেঙ্গালুরু: হাউস কিপিং স্টাফ ১টি, মাল্টি টাস্কিং স্টাফ ২টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Commandant, MTC, AF, Agram, Bengaluru-560007.

বিদার: কুক (ও জি) ২টি, স্টেনোগ্রাফার গ্রেড-টু ৩, সুপারিন্টেন্ডেন্ট স্টোর ২টি, আয়া/ওয়ার্ড সহায়িকা ১টি, হাউস কিপিং স্টাফ ১০টি, মেস স্টাফ ৩টি, মাল্টি টাস্কিং স্টাফ ১০টি, ভালকানাইজার ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, AF Station, Bidar-585401.

তম্বরম, চেন্নাই: কুক (ও জি) ৬টি, সি এম টি ডি (ও জি) ৪টি, স্টেনোগ্রাফার গ্রেড-টু ১টি, সুপারিন্টেন্ডেন্ট স্টোর ৩টি, হাউস কিপিং স্টাফ ৮টি, মেস স্টাফ ৪টি, মাল্টি টাস্কিং স্টাফ ৬টি, পেইন্টার (এস কে) ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, AF Station, Tambaram, Chennai-600046.

তম্বরম, চেন্নাই: লোয়ার ডিভিশন ক্লার্ক ৪টি, হাউস কিপিং স্টাফ ৩টি, মাল্টি টাস্কিং স্টাফ ২টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Commanding Officer, WTI, C/O AF Station, Tambaram, Chennai-600046.

তম্বরম, চেন্নাই: হিন্দি টাইপিস্ট ১টি, লোয়ার ডিভিশন ক্লার্ক ৩টি, স্টেনোগ্রাফার গ্রেড-টু ১টি, স্টোর কিপার ১টি, সুপারিন্টেন্ডেন্ট স্টোর ১টি, কার্পেন্টার ১টি, মাল্টি টাস্কিং স্টাফ ৫টি, পেইন্টার (এস কে) ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Commanding Officer, MTI, C/O AF Stn, Tambaram, Chennai-600046.

তম্বরম, চেন্নাই: লোয়ার ডিভিশন ক্লার্ক ১টি, স্টেনোগ্রাফার গ্রেড-টু ১টি, মাল্টি টাস্কিং স্টাফ ৩টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Commanding Officer, FIS, C/O AF Stn Tambaram, Chennai-600046.

কোয়েম্বাটুর: মেস স্টাফ ৫টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Commandant, AFAC, Red Fields, Coimbatore-641018.

হায়দরাবাদ: কুক (ও জি) ৯টি, সি এম টি ডি (ও জি) ৩টি, স্টোর কিপার ২টি, হাউস কিপিং স্টাফ ৫টি, মেস স্টাফ ২টি, মাল্টি টাস্কিং স্টাফ ১০টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Commandant, Air Force Academy, Hyderabad-500043.

সেকেন্দ্রাবাদ: কুক (ও জি) ৬টি, লোয়ার ডিভিশন ক্লার্ক ৪টি, স্টোর কিপার ১টি, আয়া/ওয়ার্ড সহায়িকা ১টি, কার্পেন্টার (এস কে) ৩টি, হাউস কিপিং স্টাফ ১৩টি, মেস স্টাফ ৩টি, মাল্টি টাস্কিং স্টাফ ১০টি, ভালকানাইজার ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, AF Station, Hakimpet, Secunderabad-500014.

সেকেন্দ্রাবাদ: হাউস কিপিং স্টাফ ২টি, মাল্টি টাস্কিং স্টাফ ২টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Commanding Officer, 44 R&S (U), C/O AF Station, Hakimpet, Secunderabad-500014.

সেকেন্দ্রাবাদ: হাউস কিপিং স্টাফ ৪টি, মেস স্টাফ ৩টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Station Commander, AF Station, Begumpet, Bowenpally Post, Secunderabad-500011.

মেইন্টেন্যান্স কমান্ড ইউনিটস: নাগপুর: সুপারিন্টেন্ডেন্ট স্টোর ১টি, স্টেনোগ্রাফার গ্রেড-টু ২টি, লোয়ার ডিভিশন ক্লার্ক ৪টি, হাউস কিপিং স্টাফ ৪টি, লণ্ড্রিম্যান ২টি, মেস স্টাফ ১টি, মাল্টি টাস্কিং স্টাফ ১টি, পেইন্টার (এস কে) ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: CO, HQ MC (U), Air Force, Vayusena Nagar, Nagpur-440007.

কানপুর: সুপারিন্টেন্ডেন্ট স্টোর ১টি, কুক (ও জি) ৪টি, সি এম টি ডি (ও জি) ৪টি, এফ এম টি (এস কে) ৩টি, হাউস কিপিং স্টাফ ৫টি, মেস স্টাফ ৬টি, মাল্টি টাস্কিং স্টাফ ১০টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: AOC, Air Force Station, Chakeri, Kanpur-208008.

কানপুর: এফ এম টি (এস কে) ৩টি, মাল্টি টাস্কিং স্টাফ ৫টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: CO, 1, Base Repair Depot, Air Force, Chakeri, Kanpur-208008.

চণ্ডিগড়: কুক (ও জি) ৪টি, ফায়ারম্যান ১৪টি, হাউস কিপিং স্টাফ ১৩টি, মাল্টি টাস্কিং স্টাফ ৭টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: AOC, Base Repair Depot, Air Force Station, Chandigarh-160003.

কানপুর: স্টোর কিপার ১টি, লোয়ার ডিভিশন ক্লার্ক ১টি, হাউস কিপিং স্টাফ ৬টি, মাল্টি টাস্কিং স্টাফ ৮টি, পেইন্টার (এস কে) ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: CO, 4 Base Repair Depot, Air Force, Chakeri, Kanpur-208008.

কোয়েম্বাটুর: সুপারিন্টেন্ডেন্ট স্টোর ৭টি, স্টোর কিপার ১টি, ফায়ারম্যান ১টি, এফ এম টি (এস কে) ১টি, হাউস কিপিং স্টাফ ৫টি, মেস স্টাফ ৪টি, মাল্টি টাস্কিং স্টাফ ৬টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: AOC, Base Repair Depot, Air Force Station, Sulur, Coimbatore, Tamilnadu-641401.

নিউ দিল্লি: সুপারিন্টেন্ডেন্ট স্টোর ৫টি, স্টোর কিপার ১টি, কার্পেন্টার (এস কে) ২টি, হাউস কিপিং স্টাফ ৪টি, মেস স্টাফ ২টি, মাল্টি টাস্কিং স্টাফ ২টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: AOC, Base Repair Depot, Air Force Station, Tughlakabad, P.O. Pushpa Bhawan, New Delhi-110062.

চেন্নাই: সুপারিন্টেন্ডেন্ট স্টোর ৫টি, লোয়ার ডিভিশন ক্লার্ক ৩টি, সি এস অ্যান্ড এস এম ডব্লু (এস কে) ২টি, এফ এম টি (এস কে) ২টি, টার্নার (এস কে) ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: CO, Base Repair Depot, Air Force, Air Force

এরপর তিনের পাতায়

কেন্দ্রীয় সরকারে ২১৫ ইঞ্জিনিয়ার

প্রথম পাতার পর

আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো (জে পি জি ফর্ম্যাটে ৩ থেকে ৪০ কেবি সাইজের মধ্যে) ও কালো কালির সই (জে পি জি ফর্ম্যাটে ১ থেকে ৪০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ২০০ টাকা। অনলাইনে নেট ব্যাঙ্কিং বা ভিসা/মাস্টার/রুপে ক্রেডিট বা ডেবিট কার্ডের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। অফলাইনের ক্ষেত্রে পে-ইন-স্লিপের মাধ্যমে ফি জমা দিতে হবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায়। পে-ইন-স্লিপের প্রিন্ট আউট নেওয়ার পরের কাজের দিন ব্যাঙ্কে ফি জমা দেবেন। অফলাইনে ফি জমা দেওয়ার শেষ তারিখ ২৬ এপ্রিল। তফসিলি, মহিলা ও দৈহিক প্রতিবন্ধীদের ফি লাগবে না।

খুঁটিনাটি তথ্য পাওয়া যাবে এই ওয়েবসাইটে: www.upsc.gov.in প্রয়োজনে ফোন করতে পারেন এই নম্বরে: (০১১) ২৩৩৮-১১২৫/৫২৭১, ২৩০৯-৮৫৪৩।

কর্মক্ষেত্র শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

কর্মখালি

এয়ারপোর্ট ও মেট্রোতে জব
Govt. Reg. No: 2983 বিনা ডোনেশনে Airport ও ব্যাঙ্কে কন্ট্রাক্টরের অধীনে M/F কর্মী চাই। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 18,300/- – 42,700/-, থাকা খাওয়া ফ্রী। S. C, G. C. Kol-59. M: 83709-56460.

□

এয়ারপোর্ট ও ব্যাঙ্কে জব
সম্পূর্ণ বিনা ডোনেশনে Airport ও ব্যাঙ্কে কন্ট্রাক্টরের অধীনে M/F কর্মী চাই। যোগ্যতা: ৮ম/স্নাতক। বেতন: 18,300/- – 43,500/-, থাকা খাওয়া ফ্রী। N. D, C. Avenue, Kol-07, (M): 83709-73452.

□

An ISO 9001 : 2015 Pvt. Ltd. Co. requires Sales Representatives for Marketing and Development of FMCG Products in South & North 24 Parganas, Kolkata, Hooghly and Howrah District. Only Experienced Persons may apply. Fiji Electronics (P) Ltd. 1, R. K. Soorki Mill, Pailan, Kol-700 014. Contact: 89102-06845, E-mail ID:- fijielectronics@gmail.com

□

জেলাভিত্তিক স্থায়ী চাকরি
পশ্চিমবঙ্গের প্রতিটি জেলায় Pvt. ব্যাঙ্ক, NC, MNC, Pvt. Ltd. Co., ATM ও টাওয়ার Co, Pvt. স্বাস্থ্যকেন্দ্র অফিসিয়াল ও অন্যান্য পদে M/F নিয়োগ। বেতন: 12,500/- – 23,700/-, R. J. S. Kol-9, (M): 93303-01682.

□

বিনা ডোনেশনে স্থায়ী কাজ
জেলাভিত্তিক কোম্পানি, ফ্যাক্টরি, অফিস, শপিংমল, শোরুম, Pvt. নার্সিং হোম, ব্যাঙ্ক (DSA), এয়ারপোর্টে কন্ট্রাক্টরের অধীনে কাজের জন্য কর্মী চাই। বেতন: (12,500/- – 19,500/-), M. J. S, Kol-9. (M): 86531-45537.

□

VACANCY
কলকাতা Airport ও মেট্রোতে কন্ট্রাক্টরের অধীনে 217 জন চেকিং, ট্রলিবয়, ইনচার্জ, প্যাকিং-এ ও অন্যান্য পদে (৮ম-স্নাতক) নিয়োগ। বেতন: 16,200/- – 36,700/-. ESI, PF-সহ থাকা খাওয়া ফ্রী। R. P. VIP, কেস্টপুর, Kol-59, (M): 74391-40431.

□

কর্মখালি

SBI / UCO / HDFC/ AXIS সরাসরি ব্যাঙ্কিং প্রসেসে স্মার্ট বাংলাভাষী M/F (MP-MA), (18-34) শীঘ্রই নিয়োগ। বেতন: 12,812/- – 35,687/- (PF + ESI + INC.). W2C, Kol-59. বেলঘরিয়া/বাগুইআটি: 83348-59516, হাওড়া/ধর্মতলা: 90513-83837.

□

সরাসরি কর্মী নিয়োগ
প্রতিটি জেলায় Pvt. নার্সিং হোম, কোম্পানি, শপিংমল, ফ্যাক্টরি, টাওয়ার Co., ATM-এ কর্মী নিয়োগ চলছে। বেতন: (12,500/- – 18,000/-), থাকা খাওয়া ফ্রী। R. E, R. B. Lane, Kol-09, (M): 82748-59339.

□

আর্জেন্ট কাজের সুযোগ
পঃবঙ্গের প্রতিটি জেলায় Pvt. ব্যাঙ্ক, NC, MNC, Pvt. Ltd. Co., ATM ও টাওয়ার Co. Pvt. স্বাস্থ্যকেন্দ্র অফিসিয়াল ও অন্যান্য পদে M/F নিয়োগ। বেতন: 12,500/- – 23,700/-, A. E. Lane, Kol-09, (M): 78725-38656.

স্কুল-কলেজ শিক্ষা

প্রাইমারি টিচার্স ট্রেনিং (1/2 বছর)
ANM নার্সিং ট্রেনিং (2 বছর)
ফিজিওথেরাপি ট্রেনিং (1/2 বছর)
কোর্সে ভর্তি চলছে। **App. by BSS &** NSDC Govt. of India. চাকরির বিশেষ সুযোগ। Global Technical Institute, বেলেঘাটা-ফুলবাগান: 92315-51285 / 92301-13485.

□

অ্যাথেনা নার্সিং ব্যাঙ্গালোর— GNM, B.Sc, PB-Sc, M.Sc কোর্সে (2021-22) -এ ভর্তি শুরু হয়েছে। (M): 86208-28529/033-4006-2599.

কর্মক্ষেত্রর আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ১৭ এপ্রিল দুপুর ২টো পর্যন্ত।

□□□

২৮ এপ্রিলের কর্মক্ষেত্রর জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ২৪ এপ্রিল দুপুর ২টো পর্যন্ত।

□□□

বিজ্ঞাপন গ্রহণের সময়
রবিবার বাদে প্রতিদিন সকাল সাড়ে ১০টা থেকে ২টো।

DISCLAIMER
SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.

এয়ারফোর্সে ১৩১২ গ্রুপ ‘সি’

দুয়ের পাতার পর

Station, Avadi, Chennai-600055.

পুণে: কার্পেন্টার (এস কে) ১টি, হাউস কিপিং স্টাফ ৩টি, ডব্লু ও এম (এইচ এস) গ্রেড-টু ১টি, পেইন্টার (এস কে) ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: AOC, Base Repair Depot, Air Force, Chandan Nagar, Opp. D'mello Petrol Pump Nagar Road, Pune-411014.

নাসিক: সুপারিন্টেন্ডেন্ট স্টোর ১টি, স্টেনোগ্রাফার গ্রেড-টু ১টি, হিন্দি টাইপিস্ট ১টি, কুক (ও জি) ৩টি, ফায়ারম্যান ২টি, হাউস কিপিং স্টাফ ৪টি, মেস স্টাফ ৪টি, মাল্টি টাস্কিং স্টাফ ৯টি, পেইন্টার (এস কে) ২টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: AOC, Base Repair Depot, Air Force, Air Force Station, Ojhar, Nasik, Pin-422221 (Maharashtra).

নজফগড়: স্টেনোগ্রাফার গ্রেড-টু ১টি, মেস স্টাফ ৩টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: CO, Air Force Station, Bani Camp, Najafgarh, New Delhi-110043.

নিউ দিল্লি: সুপারিন্টেন্ডেন্ট স্টোর ১টি, স্টেনোগ্রাফার গ্রেড-টু ২টি, কুক (ও জি) ৪টি, হাউস কিপিং স্টাফ ২টি, মেস স্টাফ ৪টি, মাল্টি টাস্কিং স্টাফ ৪টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: AOC, 13 Base Repair Depot, Air Force, Palam, New Pinto Park, New Delhi-110010.

দিল্লি ক্যান্টনমেন্ট: লেদার ওয়ার্কার (এস কে) ২টি, টেলর (এস কে) ৬টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: CO, 16, Base Repair Depot, Opposite Sekhon Bihar, Palam, Delhi Cantt.-110010.

চেন্নাই: স্টেনোগ্রাফার গ্রেড-টু ১টি, কুক (ও জি) ৫টি, সি এম টি ডি (ও জি) ১০টি, কার্পেন্টার (এস কে) ৪টি, ফায়ারম্যান ৭টি, এফ এম টি (এস কে) ৩টি, হাউস কিপিং স্টাফ ৬টি, লন্ড্রিম্যান ১টি, মাল্টি টাস্কিং স্টাফ ৫০টি, পেইন্টার (এস কে) ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: AOC, Equipment Depot, Air Force Station Avadi, Avadi IAF (Post), Chennai-600055.

এলাহাবাদ: স্টেনোগ্রাফার গ্রেড-টু ১টি, এফ ই ডি ১টি, ফায়ারম্যান ১টি, হাউস কিপিং স্টাফ ৬টি, লন্ড্রিম্যান ২টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: AOC Equipment Depot, Air Force Station, Manauri, Distt. Allahabad (UP)-212212.

নাসিক: সি এম টি ডি (ও জি) ৪টি, কার্পেন্টার (এস কে) ১টি, এফ ই ডি ৩টি, ফায়ারম্যান ৪টি, হাউস কিপিং স্টাফ ৫টি, মাল্টি টাস্কিং স্টাফ ১০টি, পেইন্টার (এস কে) ১টি, ভালকানাইজার ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: AOC, Equipment Depot, Air Force, Air Force Station, Devlali (South)-422501, Distt- Nasik (Maharashtra)

বেঙ্গালুরু: লোয়ার ডিভিশন ক্লার্ক ৩টি, সি এম টি ডি (ও জি) ২টি, হাউস কিপিং স্টাফ ১টি, পেইন্টার (এস কে) ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: AOC, Equipment Depot, Air Force, Vimanpura Post, Opp. HAL Helicopter Division, Bengaluru-560017.

নিউ দিল্লি: কার্পেন্টার (এস কে) ১টি, হাউস কিপিং স্টাফ ২টি, মাল্টি টাস্কিং স্টাফ ২টি, পেইন্টার (এস কে) ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: CO, Equipment Depot, Air Force Palam, New Delhi-110010.

বেতুল, মধ্যপ্রদেশ: লোয়ার ডিভিশন ক্লার্ক ১টি, সুপারিন্টেন্ডেন্ট স্টোর ২টি, কুক (ও জি) ৪টি, সি এম টি ডি (ও জি) ১টি, কার্পেন্টার (এস কে) ১টি, ফায়ারম্যান ২টি, হাউস কিপিং স্টাফ ৬টি, ট্রেডসম্যান মেট ২৩টি, লন্ড্রিম্যান ১টি, মেস স্টাফ ১টি, মাল্টি টাস্কিং স্টাফ ৩টি, পেইন্টার (এস কে) ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: AOC, Equipment Depot, Air Force, Amla Depot (PO), Dis. Betul, Madhyapradesh-460553.

কানপুর: স্টেনোগ্রাফার গ্রেড-টু ১টি, হাউস কিপিং স্টাফ ১টি, মাল্টি টাস্কিং স্টাফ ৫টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: CO, Upaskar Depot, Air Force Station, Chakeri, Kanpur, PIN-208008.

গোয়ালিয়র: সুপারিন্টেন্ডেন্ট স্টোর ১টি, হাউস কিপিং স্টাফ ১টি, মাল্টি টাস্কিং স্টাফ ৬টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: CO, Equipment Depot, Air Force Station, Maharajapura, Gwalior, PIN-474020.

নিউ দিল্লি: কার্পেন্টার ১টি, মাল্টি টাস্কিং স্টাফ ৬টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: CO, Movement Control Unit, Air Force, Air Force Station, Palam, New Delhi-110010.

গুড়গাঁও: কার্পেন্টার ২টি, ফায়ারম্যান ১১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: CO, Air Stores Park, Air Force, Air Force Station, Gurgaon, Haryana-122005.

কানপুর: সুপারিন্টেন্ডেন্ট স্টোর ১টি, আয়া/ওয়ার্ড সহায়িকা ৩টি, হাউস কিপিং স্টাফ ৪টি, মেস স্টাফ ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: AOC, Air Force Hospital, Nathu Singh Road, Cantonment Kanpur-208004.

সেন্ট্রাল এয়ার কমান্ড ইউনিটস: আগ্রা: স্টেনোগ্রাফার গ্রেড-টু ১টি, হাউস কিপিং স্টাফ ৩টি, লন্ড্রিম্যান ৩টি, মেস স্টাফ ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, Air Force Station, Agra (UP)-282008.

আগ্রা: মেস স্টাফ ২টি, মাল্টি টাস্কিং স্টাফ ২টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Commanding Officer, Yaks, Air Force Station Agra (UP)-282008.

আগ্রা: কুক (ও জি) ২টি, মাল্টি টাস্কিং স্টাফ ৩টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Commanding Officer, Vigilant Eagle Air Force Station, Agra (UP)-282008.

বরেলি: ভালকানাইজার ১টি, মেস স্টাফ ২টি, আয়া ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, Air Force Station Bairely (UP)-243002.

গোরখপুর: মাল্টি টাস্কিং স্টাফ ২টি, মেস স্টাফ ১টি, হাউস কিপিং স্টাফ ২টি, আয়া/ওয়ার্ড সহায়িকা ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Commanding Officer, Air Force Hospital, Air Force Station, Gorakhpur (UP)-273002.

প্রয়াগরাজ: স্টেনোগ্রাফার গ্রেড-টু ১টি, সুপারিন্টেন্ডেন্ট স্টোর ১টি, কুক (ও জি) ১টি, মাল্টি টাস্কিং স্টাফ ২টি, মেস স্টাফ ৩টি, লন্ড্রিম্যান ১টি, হাউস কিপিং স্টাফ ২টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, Air Force Station, Bamrauli, Prayagraj (UP)-211012.

গোয়ালিয়র: সুপারিন্টেন্ডেন্ট স্টোর ১টি, কুক (ও জি) ১টি, মাল্টি টাস্কিং স্টাফ ৫টি, মেস স্টাফ ২টি, হাউস কিপিং স্টাফ ৪টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, Air Force Station Maharajpur, Gwalior (MP)-474020.

গোয়ালিয়র: কুক (ও জি) ১টি, মাল্টি টাস্কিং স্টাফ ৩টি, হাউস কিপিং স্টাফ ৩টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Commandant, Air Force Station Gwalior (MP)-474020.

ভোয়ালি, উত্তরাখণ্ড: কার্পেন্টার (এস কে) ১টি, মাল্টি টাস্কিং স্টাফ ২টি, মেস স্টাফ ১টি, লন্ড্রিম্যান ১টি, হাউস কিপিং স্টাফ ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Station Commander, Air Force Station, Bhowali, Uttarakhand-263132.

প্রয়াগরাজ: স্টেনোগ্রাফার গ্রেড-টু ১টি, সিনিয়র কম্পিউটার অপারেটর ১টি, সুপারিন্টেন্ডেন্ট স্টোর ১টি, মাল্টি টাস্কিং স্টাফ ৩টি, লন্ড্রিম্যান ১টি, হাউক কিপিং স্টাফ ৩টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Commanding Officer, Central (Unit), Air Force Station Bamrauli, Prayagraj (UP)-211012.

ইস্টার্ন এয়ার কম্যান্ড: কলাইকুন্ডা: সি এম টি ডি (ও জি) ২টি, লোয়ার ডিভিশন ক্লার্ক ১টি, সুপারিন্টেন্ডেন্ট স্টোর ৩টি, হিন্দি টাইপিস্ট ১টি, মাল্টি টাস্কিং স্টাফ ৫টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, Air Force Station, Kalaikunda, West Bengal.

ব্যারাকপুর: কুক (ও জি) ৩টি, সি এম টি ডি (ও জি) ৪টি, হাউস কিপিং স্টাফ ৫টি, মেস স্টাফ ১টি, মাল্টি টাস্কিং স্টাফ ৩টি, ওয়ার্ড সহায়িকা ২টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Station Commander, Air Force Station, Barrackpore, West Bengal.

ছাবুয়া, অসম: সুপারিন্টেন্ডেন্ট স্টোর ১টি, হাউস কিপিং স্টাফ ৩টি, মেস স্টাফ ১টি, মাল্টি টাস্কিং স্টাফ ২টি, পেইন্টার (এস কে) ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, Air Force Station, Chabua, Assam.

হাসিমারা: সুপারিন্টেন্ডেন্ট স্টোর ১টি, হাউস কিপিং স্টাফ ৩টি, মাল্টি টাস্কিং স্টাফ ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, Air Force Station, Hasimara, West Bengal.

বাগডোগরা: কুক (ও জি) ২টি, সুপারিন্টেন্ডেন্ট স্টোর ১টি, হিন্দি টাইপিস্ট ১টি, হাউস কিপিং স্টাফ ৩টি, লন্ড্রিম্যান ১টি, মাল্টি টাস্কিং স্টাফ ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, Air Force Station, Bagdogra, West Bengal.

কুম্ভীগ্রাম, অসম: কুক (ও জি) ১টি, হাউস কিপিং স্টাফ ২টি, মাল্টি টাস্কিং স্টাফ ৩টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Station Commander, Air Force Station, Kumbhi Gram, Assam.

দিনজন, অসম: কুক (ও জি) ২টি, লোয়ার ডিভিশন ক্লার্ক ১টি, হিন্দি টাইপিস্ট ১টি, স্টেনোগ্রাফার গ্রেড-টু ১টি, হাউস কিপিং স্টাফ ৩টি, লন্ড্রিম্যান ১টি, টেলর (এস কে) ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Station Commander, Air Force Station, Dinjan, Assam.

সালুয়া, পশ্চিমবঙ্গ: স্টেনোগ্রাফার গ্রেড-টু: ১টি, সি এম টি ডি (ও জি) ২টি, হাউস কিপিং স্টাফ ২টি, মেস স্টাফ ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Station Commander Signal Unit, Air Force, Salua, West Bengal.

জোড়হাট, অসম: হাউস কিপিং স্টাফ ৫টি, লন্ড্রিম্যান ২টি, মেস স্টাফ ২টি, ওয়ার্ড সহায়িকা ৬টি, পেইন্টার ১টি, টেলর ১টি, টিন স্মিথ ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, Air Force Hospital, Jorhat, Assam.

হাসিমারা: মাল্টি টাস্কিং স্টাফ ২টি, ওয়ার্ড সহায়িকা ৪টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, Air Force Hospital, Hasimara, West Bengal.

শিলং: স্টেনোগ্রাফার গ্রেড-টু ৩টি, মেস স্টাফ ৩টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Commanding Officer, Headquarter, Eastern Air Command (Unit), Air Force Shillong, Meghalaya.

সাদার্ন এয়ার কমান্ড ইউনিটস: কোয়েম্বাটুর: হাউস কিপিং স্টাফ ৪টি, স্টেনোগ্রাফার গ্রেড-টু ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, Air Force Station, Sulur, Coimbatore-641401.

গুন্টুর: মাল্টি টাস্কিং স্টাফ ৪টি, মেস স্টাফ ১টি, হাউস কিপিং স্টাফ ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: The Station Commander, AF Station, Suryalanka, Bapatla-Post, Guntur-Dist. (Andhra Pradesh).

মাইসোর: সিভিলিয়ান মেকানিক্যাল ট্রান্সপোর্ট ড্রাইভার ১টি, হাউস কিপিং স্টাফ ২টি, মাল্টি টাস্কিং স্টাফ ২টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, Air Force Selection Board, Chamundi Vihar Complex, Siddhartha Nagar, Mysore-570011.

বেঙ্গালুরু: কার্পেন্টার ১টি, হাউস কিপিং স্টাফ ২টি, মাল্টি টাস্কিং স্টাফ ২টি, সিভিলিয়ান মেকানিক্যাল ট্রান্সপোর্ট ড্রাইভার ৩টি, স্টেনোগ্রাফার গ্রেড-টু ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: The Station Commander, Air Force Station Chimney Hills, Chikkabanavara, Bengaluru-560090.

শিক্ষাগত যোগ্যতা: সিনিয়র কম্পিউটার অপারেটর: ম্যাথমেটিক্স বা স্ট্যাটিস্টিক্সে স্নাতক, সঙ্গে ইলেক্ট্রনিক ডেটা প্রসেসিংয়ে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বেতন: সপ্তম বেতন কমিশনের লেভেল-৫ অনুসারে।

সুপারিন্টেন্ডেন্ট স্টোর: স্নাতক। সঙ্গে স্টোর হ্যান্ডলিং এবং অ্যাকাউন্টসের কাজে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। **স্টেনোগ্রাফার গ্রেড-টু:** উচ্চমাধ্যমিক, সঙ্গে শর্টহ্যান্ডে প্রতি মিনিটে ৮০টি শব্দের গতিতে ১০ মিনিট ধরে নেওয়া ডিক্টেশন কম্পিউটারে ইংরেজিতে ৫০ মিনিটে, হিন্দিতে ৬৫ মিনিটে টাইপ করার দক্ষতা থাকতে হবে। বেতন: এই দু'টি পদের ক্ষেত্রে সপ্তম বেতন কমিশনের লেভেল-৪ অনুসারে।

লোয়ার ডিভিশন ক্লার্ক ও হিন্দি টাইপিস্ট: উচ্চমাধ্যমিক, সঙ্গে কম্পিউটারে ইংরেজিতে প্রতি মিনিটে ৩৫টি শব্দ বা হিন্দিতে প্রতি মিনিটে ৩০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। **স্টোর কিপার:** উচ্চমাধ্যমিক, সঙ্গে স্টোর হ্যান্ডলিং এবং অ্যাকাউন্টসের কাজে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। **সিভিলিয়ান মেকানিক্যাল ট্রান্সপোর্ট ড্রাইভার (অর্ডিনারি গ্রেড):** মাধ্যমিক, সঙ্গে লাইট ও হেভি ভেহিক্যাল ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে এবং সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। মোটর মেকানিজম বিষয়ে জ্ঞান থাকতে হবে। **কুক (অর্ডিনারি গ্রেড):** মাধ্যমিক, সঙ্গে ক্যাটারিংয়ে সার্টিফিকেট বা ডিপ্লোমা কোর্স পাশ। এর পাশাপাশি সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **কার্পেন্টার, পেইন্টার, টেলর, টিনস্মিথ, কপারস্মিথ অ্যান্ড শীট মেটাল ওয়ার্কার:** মাধ্যমিক, সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই কোর্স পাশ। কপারস্মিথ অ্যান্ড শীট মেটাল ওয়ার্কার পদের ক্ষেত্রে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। **ফিটার মেকানিক্যাল ট্রান্সপোর্ট:** মাধ্যমিক, সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই কোর্স পাশ। **লেদার ওয়ার্কার:** মাধ্যমিক, সঙ্গে লেদার গুডস মেকার ট্রেডে আই টি আই কোর্স পাশ। **টার্নার:** মাধ্যমিক, সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই কোর্স পাশ। **ফায়ারম্যান:** মাধ্যমিক, সঙ্গে রাজ্য ফায়ার সার্ভিস বা কোনও স্বীকৃত সংস্থা থেকে ফায়ার ফাইটিং ট্রেনিং নিয়ে থাকতে হবে। প্রয়োজনীয় যন্ত্রপাতি ব্যবহারে দক্ষতা থাকতে হবে। বিভিন্ন ধরনের ফায়ার অ্যাপ্লায়েন্সেস পরিচালনা ও রক্ষণাবেক্ষণের কাজে দক্ষতা থাকলে, দমকল বাহিনীতে ফায়ারম্যান হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে এবং জেনারেল ফায়ার ফাইটিং কোর্স পাশ করে থাকলে অগ্রাধিকার। দৈহিক মাপজোক: উচ্চতা ১৬৫ সেমি। তফসিলি উপজাতি প্রার্থীরা উচ্চতায় ২.৫ সেমি ছাড় পাবেন। বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮১.৫ সেমি ও ৮৫ সেমি। ওজন অন্তত ৫০ কেজি। বেতন: উপরোক্ত পদগুলির ক্ষেত্রে সপ্তম বেতন কমিশনের লেভেল-২ অনুসারে।

আয়া/ওয়ার্ড সহায়িকা: মাধ্যমিক। কোনও হাসপাতাল বা নার্সিং হোমে সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। **হাউসকিপিং স্টাফ:** মাধ্যমিক। **লন্ড্রিম্যান:** মাধ্যমিক। সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। **মেস স্টাফ:** মাধ্যমিক। ওয়েটার বা ওয়াশার-আপ পদে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। **মাল্টিটাস্কিং স্টাফ:** মাধ্যমিক। লস্কর, মালি, ওয়াচম্যান বা জেস্টেটনার অপারেটর পদে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। **ভালকানাইজার:** মাধ্যমিক। **ট্রেডসম্যান মেট:** মাধ্যমিক। বেতন: উপরোক্ত পদগুলির ক্ষেত্রে সপ্তম বেতন কমিশনের লেভেল-১ অনুসারে।

ফায়ার ইঞ্জিন ড্রাইভার: মাধ্যমিক, সঙ্গে বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে এবং ৩ বছর হেভি ভেহিক্যাল চালানোর অভিজ্ঞতা থাকতে হবে। বিভিন্ন ধরনের ফায়ার অ্যাপ্লায়েন্সেস পরিচালনা ও রক্ষণাবেক্ষণের কাজে দক্ষতা থাকলে, দমকল বাহিনীতে ফায়ারম্যান হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে এবং জেনারেল ফায়ার ফাইটিং কোর্স পাশ করে থাকলে অগ্রাধিকার। বেতন: সপ্তম বেতন কমিশনের লেভেল-৩ অনুসারে।

ওয়্যারলেস অপারেটর মেকানিক-এইচ এস ডব্লু গ্রেড-টু: সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই কোর্স পাশ, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বেতন: সপ্তম বেতন কমিশনের লেভেল-৪ অনুসারে।

বয়স: ২-৫-২০২১ তারিখে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউড, জেনারেল ইংলিশ এবং জেনারেল অ্যাওয়্যারনেস বিষয়ে। পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের স্কিল বা ফিজিক্যাল বা প্র্যাকটিক্যাল টেস্টের জন্য ডাকা হবে। ফায়ারম্যান পদের ক্ষেত্রে দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে: ৬৩.৫ কেজি ওজন বহন করে ৯৬ সেকেন্ডে ১৮৩ মিটার অতিক্রম, ২.৭ মিটার লং জাম্প এবং হাত ও পায়ের সাহায্যে ৩ মিটার দড়ি ধরে ওঠা।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান এ-ফোর মাপের সাদা কাগজে টাইপ করিয়ে নেবেন। পূরণ করবেন যথাযথ ভাবে।

দরখাস্ত ভরা খামের উপর লিখবেন ‘APPLICATION FOR THE POST OF ________ & CATEGORY_____ ’. শূন্যস্থানে যে-পদের জন্য দরখাস্ত করছেন তার নাম এবং ক্যাটেগরি লিখবেন । ২ মে-র মধ্যে দরখাস্ত পৌঁছতে হবে যে-এয়ারফোর্স স্টেশনের শূন্যপদে দরখাস্ত করছেন, তার নির্দিষ্ট ঠিকানায়।

খুঁটিনাটি তথ্য জানতে দেখুন এই ওয়েবসাইট: https://indianairforce.nic. in

দরখাস্তের বয়ান:

PROFORMA FOR APPLICATION

APPLICATION FOR THE POST OF .... in............ Unit

Paste a Self attested Photograph

(1) Post applied for: ....
(2) Name of the Candidate: ....
(In Block letters)
(3) Father's Name: ....
(4) Date of Birth: .... / .... / ....
(attach copy of Birth Certificate self attested)
(5) Age as on the last date prescribed for receipt of application:
Years .... Months .... Days ....
(6) Address for correspondence:
House No./ Street/ Village ....
Post Office .... Distt ....
State .... Pin Code ....
(7) Permanent Address:-
House No./ Street/ Village ....
Post Office .... Distt ....
State .... Pin Code ....
(8) Caste: Gen/ OBC / SC/ ST: ....
(attach self attested certifcate in case of SC/ ST/ OBC)
(9) Educational Qualification: ....
(attach education certificate self attested)
(10) Any other qualification / Experience ....
(11) Category for which applied:- Gen (UR)/OBC/SC/ST/EWS/Ex-Serviceman/Meritorious Sport person/ Physically Handicapped ....
(attach self attested copy)
(12) Technical Training / Experience : ....
(13) Domicile .... (attach self attested copy)
(14) Whether registered with any Employment Exchange:- Yes/No
(If yes, mention Registration No. and Name of Employment Exchange)
(15) I hereby certify that above particulars mentioned in the application are correct and true to the best of my knowledge and belief, if particulars mentioned by me are found false at any stage then I shall be liable to be terminated without any notice.

Date: **Signature of candidate**

FOR OFFICIAL RECORD ONLY

1. Received on ....
2. Accepted / Rejected ....
3. Reason for rejection: Underage / Overage / incomplete documents / Any other reason to be specified ....
4. Index No . ... Date of Test/skill/practical/physical test

Acknowledgement Card

Paste a self attested Photograph

Post of ....
(1) Name: ....
(2) Father's Name : ....
(3) Address for correspondence (To be filled same as per Column 6 of application form)
House No./Street/Village .... Post Office ....
Distt .... State .... Pin Code ....
(4) Index No. : .... Date and Time of Test/skill/practical/physical test
(5) Venue of Written Test / skill /practical /physical test.

Signature of Controlling Officer

কারেন্ট অ্যাফেয়ার্স

১৪ মার্চ-২১ মার্চ

১৫ মার্চ কোভিডের কারণে গত বছরের অধিকাংশ সময়ই লকডাউন থাকলেও দু'হাজার টাকার জাল নোটের দাপট বেড়েছে বলে জানাল অর্থমন্ত্রক। মন্ত্রক এদিন সংসদে জানায়, ২০২০-তে প্রতিদিন গড়ে ২ হাজারের বেশি জালনোট ধরা পড়েছে। এর মধ্যে ২ হাজার টাকার জালনোটের সংখ্যাই বেশি। যদিও নোটবাতিলের পর ২ হাজার টাকার নোট চালু করে সরকার দাবি করেছিল এই নোট জাল করা মুশকিল হবে। তবে এদিন মন্ত্রকের বক্তব্যে ২ হাজার টাকার নোট ধীরে ধীরে তুলে দেওয়া হবে কি না, তা নিয়ে জল্পনা উস্কে দিয়েছে মন্ত্রকের এই বিবৃতি।

মায়ানমারে এক দিনেই মৃত ৩৮

১৫ মার্চ: মায়ানমারে নিরাপত্তা বাহিনীর সঙ্গে সংঘর্ষে একদিনেই মৃত্যু হল ৩৮ জন গণতন্ত্রকামী আন্দোলনকারীর। অন্যান্য দিন সংঘর্ষে মৃতের সংখ্যাটা কুড়ি বা দশের ঘরে থাকলেও এদিন এক ধাক্কায় সেটাই গিয়ে দাঁড়িয়েছে ৩৮-এ। এই নিয়ে টানা দেড়মাস ধরে চলছে সেনা বিরোধী বিক্ষোভ আন্দোলন। বিক্ষোভকারীদের মৃত্যুর সংখ্যা দু'শো ছুঁইছুঁই। পুলিশের হাতে গ্রেপ্তার হয়েছেন কমপক্ষে দু'হাজার বিক্ষোভকারী। গোটা ঘটনায় উদ্বেগ প্রকাশ করে অবিলম্বে মায়ানমারের বর্তমান প্রশাসনকে কড়া ব্যবস্থা নিতে আবেদন জানিয়েছে বেজিং। যদিও এতদিন তারা নীরব ছিল। অন্যদিকে সেনা অভ্যুত্থানের শুরু থেকেই বিশ্বের বেশিরভাগ দেশ মায়ানমারের সাধারণ গণতন্ত্রকামী মানুষের আন্দোলনের পাশে রয়েছে।

দেশের বিক্ষোভকারী কৃষকদের পাশে থাকার বার্তা দিয়ে নরেন্দ্র মোদী সরকারকে প্রবল অস্বস্তিতে ফেললেন মেঘালয়ের রাজ্যপাল সত্যপাল মালিক। নিজের রাজ্য উত্তরপ্রদেশের বাগপতে গিয়ে একটি অনুষ্ঠানে মালিক বলেছেন, মোদী সরকারের আনা কৃষি-সংস্কারের তিনটি আইনই চাষিদের বিপক্ষে। সরকার যদি ফসলের ন্যূনতম সাধারণ মূল্যের আইনি গ্যারান্টির ব্যবস্থা করে, তা হলেই কৃষকেরা সরকারের প্রতি নরম মনোভাব নিতে পারে। কৃষি-সংস্কারের কোনও আইনই কৃষকদের স্বার্থে করা হয়নি বলে দাবি করেছেন তিনি।

পশ্চিমবঙ্গে প্রতিদিন করোনা প্রতিষেধক দেওয়ার সংখ্যা ২ লক্ষ ছাড়াল। এদিন সকাল থেকে রাত পর্যন্ত রাজ্যে ২ লক্ষ ৫ হাজার জন প্রতিষেধক নিয়েছেন বলে স্বাস্থ্যদপ্তর সূত্রে জানানো হয়েছে। এদিন পর্যন্ত রাজ্যে প্রতিষেধক নিয়েছেন মোট ২৫ লক্ষ ৯২ হাজার জন।

প্রয়াত লক্ষ্মণ পাই



১৪ মার্চ: বিশিষ্ট চিত্রশিল্পী লক্ষ্মণ পাই প্রয়াত হলেন। পদ্মভূষণে সম্মানিত এই শিল্পীর মৃত্যুকালে বয়স হয়েছিল ৯৫। গোয়ার ডোনাপাওলায় নিজের বাড়িতেই শেষ নিঃশ্বাস ত্যাগ করেন তিনি। ১৯২৬ সালে গোয়াতেই জন্ম লক্ষ্মণ পাইয়ের। পদ্মভূষণ ছাড়াও পদ্মশ্রী, নেহরু পুরস্কার এবং ললিতকলা আকাদেমি পুরস্কারে সম্মানিত হয়েছিলেন তিনি। তাঁর মৃত্যুতে শোকপ্রকাশ করেছেন গোয়ার মুখ্যমন্ত্রী প্রমোদ সবন্ত।

রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কের বেসরকারিকরণের প্রতিবাদে বড় আন্দোলনের পথে কর্মী সংগঠন



১৬ মার্চ: সারা দেশে ব্যাঙ্ক ধর্মঘটের দ্বিতীয় দিন ধর্মঘটী ইউনিয়নগুলি হুঁশিয়ারি দিল, সরকার রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলি বেসরকারিকরণের সিদ্ধান্ত থেকে না-সরলে আরও বড় আন্দোলনে নামবে তারা। যদিও অর্থমন্ত্রী নির্মলা সীতারামন বলেছেন, 'সব ব্যাঙ্ক তো আর বেসরকারি হয়ে যাচ্ছে না। তবে যেগুলি বেসরকারি হচ্ছে, সেখানে কর্মীদের স্বার্থ সম্পূর্ণ ভাবে সুরক্ষিত রাখা হবে যে-কোনও মূল্যে।' যদিও ব্যাঙ্ক ইউনিয়নগুলি এই বক্তব্যের সঙ্গে একমত নয়।

"কেন্দ্রীয় সরকার মুনাফার বেসরকারিকরণ ও লোকসানের জাতীয়করণ করছে। রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলি মোদীর বন্ধুদের কাছে বিক্রি করে দিয়ে বিপজ্জনক ভাবে দেশের আর্থিক সুরক্ষার সঙ্গে আপস করছে।"

রাহুল গান্ধী, *কংগ্রেস নেতা*
রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক বেসরকারিকরণ প্রসঙ্গে

১৬ মার্চ বিশেষ বিশেষ ক্ষেত্রে ২৪ সপ্তাহের অন্তঃসত্ত্বার গর্ভপাতের অনুমতি সংক্রান্ত বিল রাজ্যসভায় পাশ হল। বিশেষ বিশেষ ক্ষেত্র বলতে বোঝানো হয়েছে নির্যাতিতা, নাবালিকা ও বিশেষ ভাবে সক্ষম মহিলারা। বিলটিকে সিলেক্ট কমিটিতে পাঠানোর দাবি ও কিছু সংশোধনী ধ্বনি ভোটে খারিজ হয়ে যায়।

আমেরিকাকে সরাসরি হুমকি দিলেন উত্তর কোরিয়ার প্রেসিডেন্ট কিম জং উনের বোন কিম ইয়ো জং। সরকারি সংবাদপত্রে তিনি খোলাখুলি জানান, প্রেসিডেন্ট জো বাইডেন-সহ আমেরিকার মানুষ যদি আগামী চারবছর নিশ্চিন্তে ঘুমোতে চান, তা হলে উত্তর কোরিয়ার বিরুদ্ধে কোনও হঠকারী পদক্ষেপ না-করাই সমীচিন।

বাংলাদেশ ন্যাশনাল পার্টি (বিএনপি)-র অন্যতম প্রতিষ্ঠাতা এবং স্থায়ী কমিটির সদস্য মওদুদ আহমেদ (৮১) সিঙ্গাপুরে প্রয়াত হলেন। বাংলাদেশের প্রবীণ এই আইনজীবী জিয়াউর রহমানের আমলে উপ-প্রধানমন্ত্রী, এরশাদের আমলে উপরাষ্ট্রপতি এবং খালেদা জিয়ার সরকারের বিদেশমন্ত্রী ছিলেন।

ইটালি, জার্মানি, ফ্রান্স, স্পেন, সুইডেন সহ ইউরোপের একের পর এক দেশ যখন অক্সফোর্ড-অ্যাস্ট্রাজেনেকার তৈরি করোনা প্রতিষেধকের উপরে নিষেধাজ্ঞা জারি করছে, তখন নিজেদের দেশের তৈরি প্রতিষেধকের হয়ে মুখ খুললেন ব্রিটেনের প্রধানমন্ত্রী বরিস জনসন। তাঁর বক্তব্য, 'এই টিকা নিরাপদ এবং খুব ভালো কাজ করছে।'

১৭ মার্চ লোকসভায় পাশ হল বাজেটের 'অ্যাপ্রিশিয়েশন বিল'। যার অর্থ বাজেটে ঘোষিত প্রকল্প রূপায়ণের জন্য রাজকোষ থেকে কেন্দ্রকে অর্থ মঞ্জুর করল সংসদ। বহু মন্ত্রকের বাজেট বরাদ্দ নিয়ে সংশ্লিষ্ট সংসদীয় স্থায়ী কমিটিতে আলোচনা শেষ হওয়ার আগেই পাশ হয়ে গেল বিল।

বঙ্গবন্ধু মুজিবুর রহমানের জন্মবার্ষিকীতে মুজিবকে শ্রদ্ধা জানালেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। বাংলা ও ইংরেজি টুইটে মোদী লিখেছেন, 'মানবাধিকার ও স্বাধীনতার রক্ষক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকীতে তাঁর প্রতি আমার আন্তরিক শ্রদ্ধা। সকল ভারতীয় নাগরিকের কাছেও তিনি একজন বীর হিসেবে গণ্য হন।

সারদার সংবাদসংস্থা থেকে নেওয়া বেতন ও নানা কর্মসূচিতে বিজ্ঞাপন বাবদ অর্থ এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি)-কে ফেরত দিলেন তৃণমূল নেতা কুণাল ঘোষ। ইডি সূত্রের খবর, ২ কোটি ৬৭ লক্ষ টাকা ফেরত দেন তিনি। পৈত্রিক দু'টি বাড়ি, কয়েকটি জীবনবিমার আমানত ও গয়না বন্ধক রেখে ওই টাকা ফিরিয়েছেন বলে জানান তৃণমূল নেতা।

১৮ মার্চ যে সমস্ত মানুষ মৃত্যুপথযাত্রী বা গুরুতর ভাবে আহত, তাঁদের জন্য স্বেচ্ছামৃত্যু আইনসঙ্গত হয়ে গেল স্পেনে। সোশ্যালিস্ট প্রধানমন্ত্রী পেদ্রো সাঞ্চেজের মন্ত্রিসভায় পাস হয়ে গেল নতুন আইন। ৩৫০ জন সদস্যের মধ্যে ২০২ জনই স্বেচ্ছামৃত্যুর পক্ষে ভোট দিয়েছেন। ইউরোপীয় দেশগুলির মধ্যে চতুর্থ দেশ হিসেবে স্পেন এই সিদ্ধান্ত নিল। এর আগে স্বেচ্ছামৃত্যুকে বৈধতা দিয়েছে বেলজিয়াম, নেদারল্যান্ডস ও লুক্সেমবুর্গ।

রাজ্যের নতুন নিরাপত্তা অধিকর্তা জ্ঞানবন্ত



১৫ মার্চ: পশ্চিমবঙ্গের নতুন নিরাপত্তা অধিকর্তা (ডিরেক্টর অব সিকিয়োরিটি) হলেন জ্ঞানবন্ত সিং। এদিন তাঁকে নিয়োগ করে কমিশনকে তা জানিয়ে দিয়েছে নবান্ন। তিনি এতদিন অতিরিক্ত অধিকর্তা (নিরাপত্তা) পদে ছিলেন। নন্দীগ্রামে মমতা বন্দ্যোপাধ্যায়ের আহত হওয়ার ঘটনায় নিরাপত্তা গাফিলতির অভিযোগে বিবেক সহায়কে নিরাপত্তা অধিকর্তার পদ থেকে অপসারিত এবং সাসপেন্ড করে কমিশন।

১৯ মার্চ সারদা কাণ্ডে রাজ্য সরকারের নিরাপত্তা উপদেষ্টা সুরজিৎ করপুরকায়স্থকে তলব করল এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি)। এছাড়া রাজ্যের দুই আমলাকেও মেট্রো ডেয়ারি মামলায় ডাকা হয়েছে।

দেশে শিক্ষা ও চাকরি ক্ষেত্রে সংরক্ষণ আর কত প্রজন্ম ধরে চলবে— এই প্রশ্ন তুলল সুপ্রিম কোর্ট। বিচারপতি অশোক ভূষণের নেতৃত্বাধীন পাঁচ সদস্যের সাংবিধানিক বেঞ্চ একই সঙ্গে বলেছে, সংরক্ষণের ক্ষেত্রে যদি ৫০ শতাংশের অথবা কোনও ঊর্ধ্বসীমাই না থাকে, সেক্ষেত্রে সকলের সমান অধিকারের বিষয়টিরই বা কী হবে?

গাড়ি চালানোর ক্ষেত্রে বিশ্বের সবচেয়ে বিপজ্জনক রাস্তাগুলির মধ্যে শীর্ষে উঠল দক্ষিণ আফ্রিকা। এই তালিকায় ভারতের স্থান চতুর্থ। দ্বিতীয় এবং তৃতীয় স্থানে রয়েছে যথাক্রমে তাইল্যান্ড এবং আমেরিকা। জুটোবি নামে এক আন্তর্জাতিক সংস্থার সমীক্ষায় এই তথ্য উঠে এসেছে।

লোকসভায় তৃণমূলের দলনেতা সুদীপ বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বাধীন সংসদীয় স্থায়ী কমিটি মত দিল, তিন কৃষি আইনের অন্যতম অত্যাবশ্যক পণ্য সংশোধনী আইন কার্যকর হলে চাষিদের আয় বাড়বে। কৃষি ক্ষেত্রে লগ্নির পরিবেশ তৈরি হবে। কৃষি পণ্য বিপণনে প্রতিযোগিতা বাড়বে। তাই এই আইনের প্রতিটি ধারা কার্যকর করা উচিত বলে কমিটির মত। সব বিরোধী দলই তিন কৃষি আইনের প্রবল বিরোধিতা করেছে। তৃণমূলও। কিন্তু লোকসভায় তাদের এই অবস্থান যথেষ্ট অস্বস্তি তৈরি করেছে বিরোধী দলগুলির মধ্যে।

পুরসভা ও পুরনিগমের প্রশাসক পদ থেকে রাজনৈতিক দলের নেতাদের সরানো নিয়ে বিজেপি নেতৃত্বের দাবি মেনে নিল নির্বাচন কমিশন। কমিশনের নির্দেশে ফিরহাদ হাকিম সহ বেশ কয়েকজন তৃণমুল নেতা-নেত্রী ভোট চলাকালীন কলকাতা বা বিধাননগর পুরসভার প্রশাসক হিসেবে কাজ করতে পারবেন না। তাদের বদলে রাজ্যের সরকারি অফিসারদের পুরসভার প্রশাসক হিসেবে নিয়োগ করা হবে।

২০ মার্চ জর্জিয়ার এমোরি বিশ্ব-বিদ্যালয়ে সংক্ষিপ্ত বক্তব্য রাখতে গিয়ে জাতি-বিদ্বেষ নিয়ে বার্তা দিলেন মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন। কথা ছিল করোনা মোকাবিলায় দু'মাসে ১০ কোটি মানুষের প্রতিষেধক পাওয়ার সাফল্য নিয়ে বলার। কিন্তু বললেন আমেরিকার একটি পুরনো 'ভাইরাস'— জাতিবিদ্বেষ নিয়ে। কোনওরকম রাখঢাক না করেই তিনি স্বীকার করেন, এশীয়-আমেরিকানদের বিরুদ্ধে হিংসা ক্রমশ বাড়ছে আমেরিকায়। তাঁর কথায়, 'ভিনদেশিদের ঘৃণা করা ও জাতিবিদ্বেষের ঘটনাগুলিকে আমেরিকা আর মেনে নিতে পারে না।'

২১ মার্চ দক্ষিণ এশিয়ায় বিভিন্ন পদক্ষেপের প্রশ্নে ভারতকেই প্রধান অংশীদার করে এগিয়ে চলার প্রস্তাব দিল আমেরিকার নতুন বাইডেন প্রশাসন। তিনদিনের ভারত সফরে এসে সেই বার্তাই দিলেন মার্কিন প্রতিরক্ষা সচিব লয়েড অস্টিন। তিনি বলেন, 'যে ভাবে আমরা ভারতের সঙ্গে সহযোগিতার পথে হাঁটছি, সেই ভাবেই নৌ-চলাচলের স্বাধীনতা বজায় রাখার লক্ষ্যে অস্ট্রেলিয়া, জাপান-সহ অঞ্চলের অন্যান্যদের সঙ্গেও কাজ করব। উন্মুক্ত ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল দেখতে চাই আমরা।'

ভারত-পাক শান্তি ফিরলে লাভ ভারতেরই: ইমরান



১৭ মার্চ: পাকিস্তানের সঙ্গে শান্তির সম্পর্ক স্থাপিত হলে ভারত অর্থনৈতিক ভাবে লাভবান হবে বলে দাবি করলেন পাক প্রধানমন্ত্রী ইমরান খান। তাঁর দাবি কাশ্মিরীদের মনোবাসনা পূরণ করে দু-দেশের মধ্যে শান্তি ফিরলে প্রাকৃতিক সম্পদে সমৃদ্ধ মধ্য এশিয়ার পাঁচটি দেশের (কাজাখস্তান, কিরঘিজ রিপাবলিক, তাজিকিস্তান, তুর্কমেনিস্তান ও উজবেকিস্তান) সঙ্গে ভারত সরাসরি যোগাযোগ স্থাপন করতে পারবে। অর্থনৈতিক ভাবে তাতে লাভ হবে ভারতেরই।

গলফেও চমক কপিলের



১৫ মার্চ: গলফের ময়দানেও চমক দেখালেন কিংবদন্তি ক্রিকেটার কপিলদেব। বাইশগজে তিনি প্রথমবার ভারতকে বিশ্বকাপ এনে দিয়েছিলেন। এবার তাঁকে প্রফেশনাল গলফ ট্যুর অব ইন্ডিয়ার (পিজিটিএ) বোর্ড সদস্য মনোনীত করা হয়েছে। এক বিবৃতিতে কপিল বলেছেন, 'এটা আমার কাছে খুবই আনন্দের খবর। নিজের সেরাটা সবসময়ই দেওয়ার চেষ্ট করেছি।'

সব ভারতীয়র প্রয়োজন নেই টিকায়: কেন্দ্র



১৯ মার্চ: সব দেশবাসীকে করোনার প্রতিষেধক দেওয়ার কোনও পরিকল্পনা কেন্দ্রের নেই বলে জানানো হল। লোকসভায় এই সংক্রান্ত প্রশ্নের উত্তরে কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী হর্ষবর্ধন জানান, করোনার মতো ভাইরাসের যা চরিত্র, তাতে দেশের প্রত্যেক মানুষকে প্রতিষেধক দেওয়ার প্রয়োজন নেই। স্বাস্থ্য বিশেষজ্ঞদের মতে দেশের ৬০-৭০ শতাংশ মানুষের শরীরে করোনার বিরুদ্ধে অ্যান্টিবডি তৈরি হলেই ওই ভাইরাসের ছড়িয়ে পড়া রুখে দেওয়া সম্ভব।

গড়ে তুলুন নিজেকে

স্নাতক বা স্নাতকোত্তর স্তরে পড়াশোনা শেষ করেই মনে হয় এবারে একটা চাকরি চাই। কেউ কেউ উচ্চমাধ্যমিক দিয়েই চাকরির জন্য খোঁজখবর শুরু করে। কিন্তু শুধু সিলেবাস ধরে পড়াশোনা করলেই চাকরির বাজারের জন্য সম্পূর্ণ উপযুক্ত হওয়া যায় না। দরকার আরও কিছু। আধুনিক কাজের জগৎ ঠিক কী চাইছে? কীভাবে নিজেই নিজেকে উপযুক্ত করে গড়ে তুলবেন আধুনিক এই কর্মজগতের জন্য? এই নিয়েই এই বিভাগ। বিভিন্ন নামী সরকারি-বেসরকারি সংস্থার ব্যস্ত পেশাদাররা জানাচ্ছেন তাঁদের নিজেদের গড়ে ওঠার কথা, পরামর্শ দিচ্ছেন কীভাবে আপনারাও নিজেদের গড়েপিটে নেবেন দ্রুত বদলাতে থাকা এই কর্মজগতের জন্য।

করোনা বিধি মেনে নতুন নিয়মে ইন্টারভিউ দাও

অনির্বাণ কুণ্ডু
হেড-মার্কেটিং (পূর্বাঞ্চল)
রেমন্ড লিমিটেড

করোনা নামক অতিমারিটি আমাদের রোজকার জীবনে নানারকম বদল এনে দিয়েছে। চাকরির ইন্টারভিউ প্রক্রিয়াতেও তার প্রভাব স্পষ্ট। বাসে, ট্রেনে কাজের জায়গায় বেশ ভিড় দেখা যায় এখন। কিন্তু ইন্টারভিউয়ের প্রস্তুতির সময় মনে রাখতে হবে করোনা বিধি মেনে চলার কথা। এখন যেসব সংস্থা কর্মী নিয়োগ করছে তাদের বেশির ভাগই মুখোমুখি বসার ধাপটিকে সবচেয়ে শেষে রাখছে।

প্রথম ধাপে থাকছে ফোনে কথোপকথন। আগে যেমন ফোনে কথা বলে প্রাথমিক ভাবে নির্বাচিত হলে তবেই সামনাসামনি সাক্ষাতের জন্য ডেকে নেওয়া হত, এখন আর তা হচ্ছে না তার বদলে বেশ কয়েকটি ধাপ ফোনেই পার করছে সংস্থা। তাই তৈরি থাকতে হবে বারবার একই ইন্টারভিউ ফোনে দেওয়ার জন্য। হয়তো চার জন কর্তাব্যক্তি চার বার ফোন করে ইন্টারভিউ নিলেন। সেখানে প্রশ্নের পুনরাবৃত্তি ঘটলেও তা নিয়ে বিরক্তি প্রকাশ না করাই ভালো। প্রত্যেক বার যাতে এনার্জি লেভেল যথেষ্ট থাকে সেই বিষয়ে খেয়াল রাখবে। উৎসাহে খামতি ধরা পড়লে সেটা নেতিবাচক প্রভাব ফেলবে।

ফোনে সচেতন থাকো

ফোনে কথা বলার সময় নিজের গলার আওয়াজ, স্বরের ওঠাপড়া সম্পর্কে সচেতন থাকতে হবে। চারপাশের শব্দ যাতে ফোনে বেশি শোনা না যায় সেটাও খেয়াল রাখতে হবে। কোনও ঘরে বসে কথা বলতে পারলে সবচেয়ে ভালো, তাহলে তোমার মনঃসংযোগ বজায় থাকবে।

ভিডিও প্রোফাইল

ফোনে কথা বলার পর পরের ধাপে নির্বাচিত হলে ভিডিও প্রোফাইল চাইতে পারে সংস্থা। নিজের আবক্ষ অর্থাৎ পাসপোর্ট সাইজের ছবি যাতে আসে সেই ভাবে ফোন বা ক্যামেরা রাখতে হবে। তারপর কথা বলতে হবে। তোমার তাকানো, কথা বলা, দেহভঙ্গি বিচার করা হবে এই ভাবে। সাধারণত ১০-১২ মিনিটের ভিডিও পাঠাতে হয়। সিভিতে পাঠানো তথ্য নয়, বরং না বলা কথা বলতে পারো। নিজের নাম ছাড়া পড়াশোনা, কাজের অভিজ্ঞতা এখানে জানতে চাওয়া হয় না সাধারণত। ফলে কেন এই কাজ করতে চাও এবং তোমার নিজস্ব বৈশিষ্ট্য বা গুণাগুণ নিয়ে কথা বলার আদর্শ জায়গা এটাই।



ভিডিও রেকর্ড করার সময় ব্যাকগ্রাউন্ড ছিমছাম ও পরিচ্ছন্ন দেখতে লাগছে কিনা খেয়াল রাখতে হবে। সামনে বসে কথা বলার মতোই গুছিয়ে নিজেকে উপস্থাপন করতে হবে। হাতে ধরে কখনওই ভিডিও রেকর্ড করবে না। আলো বুঝে নির্দিষ্ট দূরত্বে কোথাও ফোন রেখে তবেই ছবি তুলবে।

অনলাইনে তথ্য পাঠাও

সিভি, নিজের ছবি, যাবতীয় সার্টিফিকেট স্ক্যান করে রাখবে আগে থেকেই। সব সংস্থাই এখন সফট কপি পাঠাতে বলে। ফলে যখনই সংস্থা চাইবে তুমি ফোল্ডার ধরে পাঠিয়ে দিতে পারবে।

এছাড়াও ভার্চুয়াল মিটিং তো আছেই। সেখানে একাধিক ইন্টারভিউয়ার একসঙ্গে বসে অনলাইনেই একসঙ্গে তোমার ইন্টারভিউ নিতে পারবেন।

ইন্টারভিউ যেভাবেই হোক মূল বিষয়গুলো সবসময়ই এক। বিষয়গত জ্ঞান, সাধারণ জ্ঞান, নিজেকে ঠিকভাবে বোঝানোর মধ্য দিয়েই তোমাকে বেছে নেওয়া হবে, মাধ্যম যাই হোক। তাই অনলাইন প্রযুক্তির পাশাপাশি এই দিকগুলোর নিয়মিত চর্চা জরুরি। নিজেকে সামগ্রিক ভাবে গড়ে তুলতে পারলে যে-কোনও পরিস্থিতিতেই কাজ করতে পারবে।

ইকনমিক এবং স্ট্যাটিস্টিক্যাল সার্ভিসে নিয়োগ

২৬ জন অফিসার নিয়োগ করা হবে কেন্দ্রীয় সরকারের ইন্ডিয়ান ইকনমিক সার্ভিস এবং ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল সার্ভিসে। প্রার্থী বাছাই করবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন, 'ইন্ডিয়ান ইকনমিক সার্ভিস/ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল সার্ভিস এক্সামিনেশন, ২০২১'-এর মাধ্যমে। এই নিয়োগের এক্সামিনেশন নোটিস নম্বর: 06/2021-IES/ISS.

মোট শূন্যপদ: ইন্ডিয়ান ইকনমিক সার্ভিস: ১৫টি, ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল সার্ভিস: ১১টি। এর মধ্যে ১টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী প্রার্থীর জন্য সংরক্ষিত থাকবে।

শিক্ষাগত যোগ্যতা: ইন্ডিয়ান ইকনমিক সার্ভিস: ইকনমিক্স বা অ্যাপ্লায়েড ইকনমিক্স বা বিজনেস ইকনমিক্স বা ইকনোমেট্রিক্সে স্নাতকোত্তর ডিগ্রি। ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল সার্ভিস: স্ট্যাটিস্টিক্স বা ম্যাথমেটিক্যাল স্ট্যাটিস্টিক্স বা অ্যাপ্লায়েড স্ট্যাটিস্টিক্স-সহ স্নাতক বা উল্লিখিত বিষয়গুলির যে-কোনওটিতে স্নাতকোত্তর ডিগ্রি। সরকারি

ফাইনাল ইয়ারের প্রার্থীরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারেন। নিয়মানুসারে তফসিলি, ও বি সি, আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের জন্য শূন্যপদ সংরক্ষিত থাকবে।

বয়স: ১-৮-২০২১ তারিখে ২১ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের বয়সের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। লিখিত

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষা ১৬ জুলাই। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা।

লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে এই সব বিষয়ে (ব্র্যাকেটে মোট নম্বর): জেনারেল ইংলিশ (১০০), জেনারেল স্টাডিজ (১০০)। এছাড়া স্ট্যাটিস্টিক্স এবং ইকনমিক্স বিষয়ে ৪টি করে পত্রের (প্রতিটি পত্রের নম্বর ২০০) প্রশ্ন হবে। স্ট্যাটিস্টিক্সের প্রথম ও দ্বিতীয় পত্রে অবজেক্টিভ ধরনের প্রশ্ন হবে এবং বাকি সব ক্ষেত্রে ডেসক্রিপটিভ ধরনের প্রশ্ন থাকবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.upsconline.nic.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২৭ এপ্রিল। অনলাইন দরখাস্তের দু'টি অংশ। পার্ট-ওয়ান দরখাস্ত পূরণের সময় রেজিস্ট্রেশন নম্বর পাওয়া যাবে। এটি লিখে রাখবেন। অনলাইন আবেদনের সময় প্রার্থীর জে পি জি ফর্ম্যাটে স্ক্যান করা ফটো এবং সই (উভয়ই ২০ থেকে ৩০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ২০০ টাকা। অনলাইনে নেট ব্যাঙ্কিং বা ক্রেডিট বা ডেবিট কার্ডের (ভিসা বা মাস্টার বা রুপে) মাধ্যমে অথবা অফলাইনে পে-ইন-স্লিপের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। পে-ইন স্লিপের প্রিন্ট আউট নেওয়ার পরের কাজের দিন স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায় গিয়ে নগদে ফি জমা দেবেন। অফলাইনে ফি জমা দেওয়ার শেষ তারিখ ২৬ এপ্রিল। অনলাইনে ফি জমা দিলে ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। মহিলা, তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.upsc.gov.in অথবা যে-কোনও কাজের দিন সকাল ১০টা থেকে বিকেল ৫টার মধ্যে যোগাযোগ করতে পারেন এই নম্বরগুলিতে: (০১১) ২৩৩৮-৫২৭১/১১২৫।

মেডিক্যাল ফিজিক্সে পোস্ট এম এসসি ডিপ্লোমা

মেডিক্যাল ফিজিক্সে পোস্ট এম এসসি ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে যাদবপুর বিশ্ববিদ্যালয়। কোর্সের মেয়াদ ১ বছর। আসনসংখ্যা: ১০টি। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ ফিজিক্সে এম এসসি। তফসিলিরা নিয়মানুসারে নম্বরের ছাড় পাবেন। স্নাতক স্তরে ফিজিক্স অনার্স পড়ে থাকতে হবে অথবা অন্যতম প্রধান বিষয় হিসেবে পড়ে থাকতে হবে। ক্লাস বিকেল ৫টা থেকে রাত ৯টা।

আবেদনের ফর্ম ডাউনলোড করে নেবেন এই দুই ওয়েবসাইটের যে-কোনও একটির মাধ্যমে: www.jaduniv.edu.in, www.cnci.org.in প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র সরাসরি বা ডাকে ১৯ এপ্রিলের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: Secretrary, Faculty of Science, Jadavpur University, Kolkata-700032. এর পাশাপাশি নথিপত্র ও আবেদনপত্র স্ক্যান করে ই-মেল করতে হবে এই ঠিকানায়: admn.medphys2122@gmail.com খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইটগুলি।

বেসিলে ৩৮৬

প্রথম পাতার পর

অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। বয়স: ৪৫ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ২৪,০০০ টাকা।

সুপারভাইজর: ৫০টি। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক, সঙ্গে কোনও সংস্থায় সার্ভে-সংক্রান্ত কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে। যে-রাজ্যে নিয়োগ হবে সেই রাজ্যের স্থানীয় ভাষা জানতে হবে। এন এস এস ও, লেবার ব্যুরো সার্ভে, সেন্সাস বা সমতুল সার্ভের কাজে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। বয়স: ৫০ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ৩০,০০০ টাকা।

আপার ডিভিশন ক্লার্ক: ৪টি। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক, সঙ্গে কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে। পি এফ এম এস, টি এ বিল, রিক্রুটমেন্ট, এস্টাব্লিশমেন্ট ওয়ার্ক, স্টোর রেকর্ডস-সংক্রান্ত কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ৪৫ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ২২,০০০ টাকা।

মাল্টি টাস্কিং স্টাফ: ১৮টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। বয়স: ৬০ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ১৫,০০০ টাকা।

ইয়ং প্রফেশনাল: ১০টি। শিক্ষাগত যোগ্যতা: স্ট্যাটিস্টিক্স বা ইকনমিক্স বা অ্যাপ্লায়েড ইকনমিক্স বা কম্পিউটার অ্যাপ্লিকেশনে স্নাতকোত্তর ডিগ্রি। অথবা সোশ্যাল সায়েন্সে স্নাতকোত্তর ডিগ্রি, স্নাতকস্তরে অন্যতম বিষয় হিসেবে ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে। এর পাশাপাশি সার্ভে বা প্ল্যানিং বা ডেটা অ্যানালিসিস-সংক্রান্ত কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। দেশের প্রথম সারির শিক্ষাপ্রতিষ্ঠান, যেমন আই আই টি, আই আই এম, আই এস আই, এস আর সি সি, সেন্ট স্টিফেনস, জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয়, দিল্লি স্কুল অব ইকনমিক্স বা সমতুল প্রতিষ্ঠান থেকে স্নাতকোত্তর ডিগ্রিধারীরা কাজের অভিজ্ঞতা না থাকলেও আবেদন করতে পারেন। বয়স: ৪৫ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ৭০,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে ইনভেস্টিগেটর এবং সুপারভাইজর পদের ক্ষেত্রে লিখিত পরীক্ষা এবং অন্যান্য পদের ক্ষেত্রে ইন্টারভিউয়ের মাধ্যমে। কলকাতায় লিখিত পরীক্ষার কেন্দ্র আছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.becil.com দরখাস্তের শেষ তারিখ ২২ এপ্রিল। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। দরখাস্তের সময় প্রার্থীর ফটো ও সই (উভয়ই জে পি জি ফর্ম্যাটে ১০০ কেবি সাইজের মধ্যে) স্ক্যান করে আপলোড করতে হবে।

ফি বাবদ অনলাইনে দিতে হবে ৯৫৫ টাকা (তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে ৬৭০ টাকা)। ফি জমা দেওয়া যাবে অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিং বা ইউ পি আইয়ের মাধ্যমে। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

অনলাইনে দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন। সাবমিট করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। প্রিন্ট আউটগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

কেন্দ্রীয় সরকারে ৮২২ অফিসার

সিভিল সার্ভিসেস ও ফরেস্ট সার্ভিস প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

গত সংখ্যার পর

79. You are travelling in a train. You observe some college students pulling the alarm chain simply to get down at their desired point. What you would do?
(a) with the help of same passengers, check them from doing so (b) Let them pull the chain but check them from detraining (c) inform the guard of the train as soon as it stops (d) keep quiet and do nothing

80. You are senior IPS officer and while making clear the importance of patrolling, the officer in charge of the police station should communicate with patrolling party:
(a) That they should look for the antisocial elements and arrest them (b) that they should try to cover each part of the allotted area in a slow speed and be watchful (c) they should move fast and take tough measures as and when required (d) they should take on the spot decision without informing the police station

Answers

79(a), 80(b).

Solutions

1(a): Amount = P + SI

$\Rightarrow 9600 = P + \frac{P \times 5 \times 4}{100} = P + \frac{P}{5} = \frac{6P}{5} \Rightarrow P = \frac{9600 \times 5}{6}$ = Rs. 8000

$\therefore$ Cash value of refrigerator = 8000 + 8000 = Rs. 16000.

2(c): Average speed $= \frac{2xy}{x+y} = \frac{2 \times 20 \times 30}{20+30} = \frac{2 \times 600}{50}$ = 24 km/h.

3(c): C.P $= \frac{1920+1280}{2} = \frac{3200}{2} = 1600$

S.P at the rate of 25% profit $= 1600 \times \frac{125}{100}$ = Rs 2000.

4(a): In 10 days a work is completed by 15 men
In 1 day a work is completed by = 15 × 10 = 150 days
In 15 days the work is completed by 20 days
In 1 day the work is completed by 20 × 15 = 300 boys
150 men = 300 boys

$\Rightarrow 1$ men $= \frac{300}{150} = 2$ boys $\therefore$ 10 men = 2 × 10 = 20 boys

10 men + 10 boys = 20 + 10 = 30 boys
20 boys completed the work in 15 days

$\therefore$ 30 boys completed the work in $= \frac{15 \times 20}{30}$ = 10 days.

5(c): Let the number be x

According to question, $\Rightarrow x + 44 = \frac{6}{5}x \Rightarrow \frac{6x}{5} - x = 44$

$\Rightarrow \frac{x}{5} = 44 \Rightarrow x = 44 \times 5 \Rightarrow x = 220.$

6(c): Total marks of 40 students = 86 × 40 = 3440
After removing the marks of 5 students, total marks of remaining 35 students = 85 × 35 = 2975
$\therefore$ Total marks of 5 students = 3440 – 2975 = 465

$\therefore$ Required average marks $= \frac{465}{5} = 93$

7(b): The five persons will together five at the target at an interval of 't' seconds
Where t = L.C.M of 6, 7, 8, 9, 12

2	6	7	8	9	12
2	3	7	4	9	6
3	3	7	2	9	3
	1	7	2	3	1

L.C.M of 6, 7, 8, 9, 12 = 2 × 2 × 3 × 7 × 2 × 3 = 504 = 504 second
Number of seconds in an hour = 3600
$\therefore$ Number of times the five person would fire the bullets together at the target in an hour $= \frac{3600}{504} = 7.142 \cong 7$

8(c): We know that, L.C.M × H.C.F = first number × second number ⇒ 2079 × 27 = 189 × second number

$\Rightarrow$ second number $= \frac{2079 \times 27}{189} = 297.$

9(a): Let original price of sugar = Rs. x

Then new price of sugar = 80% of x $= x \times \frac{80}{100} = \frac{4x}{5}$

Then according to question, $\frac{600}{4x/5} - \frac{600}{x} = 5 \Rightarrow \frac{600}{x}\left(\frac{5}{4} - 1\right) = 5$

$\Rightarrow \frac{600}{x} \times \frac{1}{4} = 5 \Rightarrow x = \frac{600}{4 \times 5} = 30 \Rightarrow x = 30$

Hence, original price of the sugar was Rs. 30 per kg.

10(a):



Let ABCD is a rectangle of width 5cm with diagonal 13 cm
Now, this rectangle is divided into two equal parts of right angled triangle, In right angle triangle ABC

$\therefore (AC)^2 = (AB)^2 + (BC)^2 \Rightarrow (13)^2 = (AB)^2 + (5)^2$

$\Rightarrow (AB)^2 = (B)^2 - (5)^2 = 169 - 25 = 144 \Rightarrow AB = 12cm = DC$

Now, perimeter of rectangle ABCD = 2(length + breadth)
= 2(AB + BC) = 2(12 + 5) = 2 × 17 = 34 cm.

11(b): Let the distance of the station from the man's house = d km

Then accordig to question, $\frac{d}{6} - \frac{d}{10} = \frac{15}{60} \Rightarrow \frac{5d - 3d}{30} = \frac{15}{60}$

$\Rightarrow \frac{2d}{30} = \frac{1}{4} \Rightarrow d = \frac{30}{4 \times 2} = \frac{15}{4} \Rightarrow d = \frac{15}{4} = 3\frac{3}{4}$ km.

12(c): In this type of transaction always loss occurred, Here r = 10%

Loss percentage $= \frac{r^2}{100}\% = \frac{(10)^2}{100}\% = \frac{100}{100}\% = 1\%.$

13(d): Sum of 18 observations = 18 × 124 = 2232
correct sum of 18 observations = 2232 – 46 – 82 + 64 + 28 = 2196

$\therefore$ correct average $= \frac{2196}{18} = 122.$

14(c): Let C.P of the article = Rs x

Then SP of the article = 90% of x $= \frac{x \times 90}{100} = \frac{9x}{10}$

Therefore, LP of the article $= \frac{x \times 100}{80} = \frac{5x}{4}$ Rs.

As per question had he purchased it at the labelled price, then

required loss percent $= \frac{\frac{5x}{4} - \frac{9x}{10}}{5x/4} \times 100 = \frac{50 - 36}{40} \times \frac{4}{5} \times 100$

$= \frac{14}{10} \times \frac{1}{5} \times 100 = 28\%.$

15(b): As $8 \xrightarrow{+3} 11 \xrightarrow{+6} 17,\ 3 \xrightarrow{+4} 7 \xrightarrow{+8} 15$

Same as $5 \xrightarrow{+5} 10 \xrightarrow{+10} 20$

16(d):

P	R	O	S	E
↓+0	↓–2	↓+0	↓–2	↓+0
P	P	O	G	E

Same as,

L	I	G	H	T
↓+0	↓–2	↓+0	↓–2	↓+0
L	G	G	F	T

17(b): Thre are 60 students in a class and boys are twice that of girls
$\therefore$ In a class of 60 students, boys = 40 and girls = 20
If is given that Alka is 17th from the top and 9 boys are ahead of her
So, number of girls before Alka = 17 – 9 –1 = 7
So, number of girls after Alka = 20 – Alka – 7 = 20 – 1 – 7 = 12

18(c): As per the given information, the seven persons up on the ladder are as shown below

C	→Top
A	
G	
B	
E	
F	
D	→Bottom

It is clear from the diagram that D is at the bottom.

19(a): By given information, we can say that
C > A > B ... (i) B = D > E ... (ii)
From Equations (i) and (ii), we get C > A > B = D > E ... (iii)
From equation (iii), it is clear that C is the tallest.

20(d):



W O N D E R

Pairs are: {DE, RS, NO, RW}

12(c): Third day of a Month → Monday
21st day of same Month → Friday
Fifth day from 21st day of that Month→ Friday + 5 days → Wednesday.

(22 to 24): Let the weight of ball N = 10

∴	J	K	L	M	N
	↓	↓	↓	↓	↓
	22.5	11.25	2.5	5	10

22(c), 23(c), 24(c).

এরপর সাতের পাতায়

ডব্লু বি সি এস প্রিলিমিনারি

পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

Direction (1 to 5): *Use appropriate words to fill in the blanks.*

1. ___ work is more enjoyable than compulsary work.
(a) Mechanical (b) Temporary (c) Voluntary (d) Slavish
2. No one ____ more than ten rupees for the doll.
(a) bidden (b) bade (c) bid (d) bidded
3. We cannot ___ such dreadful behaviour.
(a) condone (b) conduct (c) constrain (d) condense
4. Keep cordial relationship with the parents and ____ them with respect.
(a) trait (b) tread (c) treat (d) trite
5. His ____ role as composer and conductor at the concert was appreciated by one and all.
(a) duel (b) duet (c) dual (d) dues

Direction (6 to 10): *Choose the one which can be substituted for the given words/sentence.*

6. The science of government.
(a) Bureaucracy (b) Theology (c) Politics (d) Episcopacy
7. One who specialises in the mathematics of insurance.
(a) An insurant (b) A statistician (c) An actuary (d) An agent
8. A messenger sent in great haste
(a) successor (b) Chauffeur (c) Courier (d) Emissary
9. A hater of women
(a) Dipsomaniac (b) Misogynist (c) Misogamist (d) Accomplice
10. The stand from which a Preacher delivers his sermon.
(a) Dais (b) Lectern (c) Podium (d) Pulpit

Direction (11 and 12): *Choose the word or expression that matches the given meaning.*

11. Friendly
(a) Thick (b) Thick and thin (c) At Loggerheads (d) Conjoint
12. Tightly
(a) Highly (b) Tickly (c) Fast (d) Heaped

Direction (13 to 15): *Choose the item closest in meaning to the given phrase.*

13. Deliberate disruption of work
(a) Sabotage (b) Devastation (c) Terrorism (d) Violence
14. Goods Prohibited by law
(a) Smuggling (b) Contraband (c) Narcotics (d) Excise
15. In deep thought
(a) Ponderous (b) Pensive (c) Philosophical (d) Perturbed

Direction (16 to 18) *Choose the alternative which best express the meaning of the idiom/phrase.*

16. The bridge gave way under the heavy weight.
(a) stooped (b) withstood (c) collapsed (d) endured
17. We should bury the hatchet and become friends.
(a) influence friends (b) keep a secret (c) obtain (d) make peace
18. He knows how to break in horses.
(a) train (b) rear (c) tend (d) force

Direction (19 to 21): *Find the correctly spelt word.*

19. (a) Accomodetion (b) Acommodation (c) Accomodation (d) Accommodation
20. (a) Ingredeint (b) Ingredient (c) Ingreedient (d) Ingridient
21. (a) miscellaneous (b) misscelleneous (c) misscelanious (d) misscellaneous

Direction (22 to 24): *Choose the most appropriate word to fill up the gap.*

22. The two boys fell ____ but soon became friends.
(a) away (b) out (c) in (d) town
23. I asked the slow worker to get a move _____.
(a) out (b) forward (c) on (d) full
24. He put ____ some savings to support him in his old age.
(a) in (b) back (c) under (d) by
25. He is not a great lawyer but he has the gift of the gab.
(a) A serious bearing (b) A pleasant face (c) A talent for speaking (d) A silent nature
26. ক্লোরিন একটি উপাদান নয়:
(a) ডিডিটি-র (b) গ্যামাক্সিন-এর (c) ক্লোরোফিল-এর (d) ক্লোরোপিক্রিন-এর
27. নীচের যৌগগুলির মধ্যে কোনটি তীব্রভাবে উত্তপ্ত করলে অক্সিজেন নির্গত করে না?
(a) মারকিউরিক অক্সাইড (b) বেরিয়াম পার-অক্সাইড (c) সোডিয়াম নাইট্রেট (d) ম্যাগনেশিয়াম অক্সাইড

এরপর সাতের পাতায়

চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

কেন্দ্রীয় সরকারে ৮২২ অফিসার

সিভিল সার্ভিসেস ও ফরেস্ট সার্ভিস প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

ছয়ের পাতার পর

(25 to 27): Miss MP — Miss UP — Miss Jharkhand — Miss Delhi

Orange — Blue ↓ Runner UP — Red — Black ↓ Winner

25(c), 26(b), 27(a).

28(b): $6 \times 2 + 12 \times 3 = 12 + 36 = 48$

Similarly, $8 \times 2 + 15 \times 3 = 16;\ 45 = 61;\ (13 \times 2 + 11 \times 3)$
$= 26 + 33 = 59$.

29(a): $\sqrt{\frac{1+\sin\theta}{1-\sin\theta}} + \sqrt{\frac{1-\sin\theta}{1+\sin\theta}}$

$= \sqrt{\frac{(1+\sin\theta)(1+\sin\theta)}{1-\sin^2\theta}} + \sqrt{\frac{(1-\sin\theta)(1-\sin\theta)}{1-\sin^2\theta}}$

$= \frac{1+\sin\theta}{\cos\theta} + \frac{1-\sin\theta}{\cos\theta} = \frac{2}{\cos\theta} = 2\sec\theta$.

30(c): As precaution avoids accidents, in the same way cleanliness avoids sickness.

61(a): Profit = Export – Import
∴ Export in 2002 = (90 + 100 + 65 + 25 + 110 + 120) crore
= 510 crore ∴ Profit = 510 – 385 = 125 crore.

62(b): For country S, import $= 45 \times \frac{2}{1} =$ Rs. 90 croces

For country U import $= 24 \times \frac{1}{4} =$ Rs. 6 crores

Thus, the total imort of country U and S together = 90 + 6
= Rs. 96 Crores.

63(a): Export of country Q in 2001 = 50 crore
Export of country T in 2000 = 55 crore
Total export of country Q and T = 105 crore

Export of country P in 2003 $= \frac{120}{100} \times 105 = 126$ crore

Import of country P in 2003 = 92 crore
∴ Required Profit = 126 – 92 = 34 crore

64(a): Export of T over all the years = 60 + 50 + 55 + 100 + 110
= 375 crore, Average $= \frac{375}{5} = 75$ crore

∴ Export of R over all the years = 50 + 55 + 70 + 90 + 65 = 330 crores

Average $= \frac{330}{5} = 66$ crore

∴ Required percentage $= \left[\frac{75-66}{66} \times 100\right]\% = \left[\frac{9}{66} \times 100\right]\% = \frac{137}{11}\%$

65(d): Export of all countries in 1999 = 229 crores
Export of all countries in 2001 = 375 crores
Imcrease = 375 – 229 = 146 crores

Increased percentage $= \left(\frac{146}{229} \times 100\right)\% = 63.75\% \cong 62.89\%$.

66(a): Total cellular phones sold by store P $= \frac{14}{100} \times 11200 = 1568$

Nokia cellular phones sold by store P $= \frac{4}{7} \times 1568 = 896$

Total cellular phones sold by store R $= \frac{18}{100} \times 11200 = 2016$

Nokia cellular phones sold by store R $= \frac{5}{9} \times 2016 = 1120$

Total cellular phones sold by store S $= \frac{26}{100} \times 11200 = 2912$

Nokia cellular phones sold by store S $= \frac{7}{13} \times 2912 = 1568$

Total cellular phones sold by store T $= \frac{20}{100} \times 11200 = 2240$

Nokia cellular phones sold by store T $= \frac{1}{5} \times 2240 = 448$

Total Nokia cellular phones sold by stores P, R, S and T = 896 + 1120 + 1568 + 448 = 4032, Required average $= \frac{4032}{4} = 1008$.

67(d): Nokia cellular phones sold by store R = 1120
Total number of cellular phones sold by store P = 1568

Number of Samsung cellular phones sold by store P $= \frac{3}{7} \times 1568$
= 672

Total number of cellular phones sold by store Q $= \frac{10}{100} \times 11200$
= 1120

Number of Samsung cellular phones sold by store Q $= \frac{1}{4} \times 1120$
= 280

Required Percentage $= \left(\frac{1120-952}{952} \times 100\right)\% = \left(\frac{168}{952} \times 100\right)\%$
$= \frac{300}{17}\% = 17\frac{11}{17}\%$.

68(b): Central angle $= \frac{2912}{11200} \times 360^\circ = 93.6^\circ$.

69(b): Number of Nokia cellular phones sold by store S = 1568
Total number of cellular phones sold by store T = 2240

Number of Sumsung cellular phones sold by store T $= \frac{4}{5} \times 2240$
= 1792

Total number of cellular phones sold by store U $= \frac{12}{100} \times 11200$
= 1344

Number of Samsung phones sold by store U $= \frac{10}{21} \times 1344 = 640$

Required ratio = 1568 : 1792 + 640 = 1568 : 2432 = 49 : 76.

70(c): Total number of cellular phones sold by store Q in October
= 1120 ∴ In November $= \frac{115}{100} \times 1120 = 1288$

Total number of celluler phones sold by store T in October = 2140

In November $= \frac{105}{100} \times 2240 = 2352$

Total number of cellular phones sold by stores Q and T together in November = 1288 + 2352 = 3640.

প্রস্তুত করেছেন: সাগর রায়

ডব্লু বি সি এস প্রিলিমিনারি

পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

ছয়ের পাতার পর

28. 1969 সালে মৃণাল সেন হিন্দী ছবি 'ভুবন সোম' কোন ঔপন্যাসিকের গল্পের ওপর ভিত্তি করে তৈরি করেছিলেন?
(a) শরদিন্দু বন্দ্যোপাধ্যায় (b) প্রেমেন্দ্র মিত্র (c) বলাই চাঁদ মুখোপাধ্যায় (d) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়
29. প্রয়োজনে কোন পাখিটি পিছন দিকে উড়তে পারে?
(a) কাক (b) শকুন (c) হামিং বার্ড (d) বাবুই
30. কৃষ্ণদেব রায় কোন রাজ্যের শাসক ছিলেন?
(a) উজ্জয়িনী (b) বিজয়নগর (c) দেবগিরি (d) দ্বারসমুদ্র
31. ভারতীয় সংবিধানের অন্তর্ভুক্ত 'শোষণের বিরুদ্ধে অধিকার' রক্ষা করে:
(a) শিশুদের (b) শ্রমিকদের (c) সরকারি চাকুরেদের (d) আইনসভার সদস্যদের
32. 'বাস্টিক কাপ' নীচের কোন খেলার সঙ্গে যুক্ত?
(a) দাবা (b) পোলো (c) সাঁতার (d) বন্দুক চালনা
33. কোন ঘটনাকে উপলক্ষ করে স্বদেশি ও বয়কট আন্দোলন শুরু হয়?
(a) বঙ্গভঙ্গ 1905 (b) নীলবিদ্রোহ 1859-60 (c) রানী ভিক্টোরিয়ার ঘোষণাপত্র 1858 (d) অযোধ্যার অন্তর্ভুক্তি 1856
34. একটি প্রত্যাবর্তী তাপ ইঞ্জিনের কার্যদক্ষতা বাড়ে যখন:
(a) উৎস ও সিঙ্কের মধ্যে উষ্ণতার পার্থক্য বৃদ্ধি হয় (b) উৎস ও সিঙ্কের মধ্যে উষ্ণতার পার্থক্য হ্রাস পায় (c) কার্যকরী পদার্থের ভর বৃদ্ধি পায় (d) কার্যকরী পদার্থের আপেক্ষিক তাপ বৃদ্ধি পায়
35. নীচের পাখিদের মধ্যে কোনটি উড়তে পারে না?
(a) ময়ূর (b) কিউই (c) রবিন (d) মোরগ
36. কত নম্বর সংশোধনী বিলের সাহায্যে 6-14 বছর বয়সের শিশুদের জন্য প্রাথমিক শিক্ষাকে মৌলিক অধিকার হিসেবে ঘোষণা করা হয়েছে?
(a) 91তম (b) 93তম (c) 92তম (d) 94তম
37. 'পথের পাঁচালি' ফিল্মের সংগীত পরিচালক ছিলেন:
(a) রবিশঙ্কর (b) আলি আকবর খান (c) সলিল চৌধুরি (d) হেমন্ত মুখার্জি
38. মুসলিম লিগ গঠিত হয়:
(a) 1906 সালে (b) 1900 সালে (c) 1890 সালে (d) 1940 সালে
39. 'বিক্রমবর্শীয়'র রচয়িতা কে?
(a) বাণভট্ট (b) শূদ্রক (c) কালিদাস (d) ভবভূতি
40. 'তাল' মানে:
(a) অনুদৈর্ঘ্য উপত্যকা (b) অনুপ্রস্থ উপত্যকা (c) হ্রদ (d) শিখর
41. কাঁচা ফলকে কৃত্রিমভাবে পাকানোর জন্য কোন গ্যাসটি ব্যবহৃত হয়?
(a) ইথেন (b) ইথিলিন (c) কার্বন-ডাই-অক্সাইড (d) অক্সিটোসিন
42. ইংরেজি ভাষায় ভারতের প্রথম সংবাদপত্র কোনটি?
(a) সমাচার দর্পণ (b) বেঙ্গল গেজেট (c) অমৃতবাজার পত্রিকা (d) দি ফ্রেন্ড অব ইন্ডিয়া
43. 'কাকোরি ষড়যন্ত্র মামলা' কত সালে সংঘটিত হয়েছিল?
(a) 1920 (b) 1925 (c) 1930 (d) 1935
44. ভারতে আছে:
(a) সংসদীয় ধাঁচের সরকার (b) রাষ্ট্রপতি পরিচালিত সরকার (c) আংশিক সংসদীয় এবং আংশিক রাষ্ট্রপতি পরিচালিত সরকার (d) ওপরের কোনওটিই নয়
45. ভিটামিন B12 এ কোন ধাতুটি বর্তমান?
(a) লোহা (b) ম্যাগনেশিয়াম (c) ম্যাঙ্গানিজ (d) কোবাল্ট
46. জনসমষ্টির বয়স-লিঙ্গ প্রকারভেদ কীসের মাধ্যমে সবচেয়ে ভালোভাবে দেখানো যায়?
(a) ক্লোরোপ্লেথ (b) পাইচিত্র (c) পিরামিড চিত্র (d) গোলক চিত্র
47. ভারতের জাতীয় কংগ্রেস কত সালে অহিংস-অসহযোগ আন্দোলনের সূচনা করে?
(a) 1918 সালে (b) 1919 সালে (c) 1920 সালে (d) 1921 সালে
48. নীচের কোনটি মেটামরফিক শিলা?
(a) গ্রানাইট (b) ব্যাসাল্ট (c) মার্বেল (d) স্যান্ডস্টোন
49. বিখ্যাত উর্দু পত্রিকা 'আলাহিলাল' কে প্রতিষ্ঠা করেন?
(a) জেমস অগাস্টাস হিকি (b) সুরেন্দ্রনাথ ব্যানার্জি (c) আবুল কালাম আজাদ (d) দাদাভাই নওরজি
50. নীচের কোনটি কৃত্রিম মিস্টি হিসেবে ব্যবহৃত হয়?
(a) স্যাকারিন (b) সুক্রোজ (c) স্যাফরোল (d) অ্যাসপারটেম
51. কোলকাতা কত সালে প্রতিষ্ঠিত হয়?
(a) 1690 (b) 1580 (c) 1761 (d) 1757
52. বিশিষ্ট ব্যাকরণবিদ পতঞ্জলী কার সমসাময়িক ছিলেন?
(a) পুষ্যমিত্র শুঙ্গ (b) গৌতমী পুত্র সাতকর্নী (c) বাসুদেব কাম্ব (d) অগ্নিমিত্র শুঙ্গ
53. ভিটামিন B_{12}-এর অভাবে রোগ হয়:
(a) অ্যাপ্লাস্টিক অ্যানিমিয়া (b) পার্নিসিয়াস অ্যানিমিয়া (c) সিকলসেল অ্যানিমিয়া (d) নরমোসাইটিক অ্যানিমিয়া
54. কোন গ্রন্থটি কালিদাস রচিত নয়?
(a) মালাবিকাগ্নিমিত্রম (b) রঘুবংশ (c) কাদম্বরী (d) মেঘদূত
55. বনস্পতি শিল্পোৎপাদনে কোন প্রভাবক ব্যবহৃত হয়?
(a) প্যালাডিয়াম (b) প্লাটিনাম (c) কোবাল্ট (d) নিকেল
56. 'রাজতরঙ্গিনী' লিখেছিলেন:
(a) কলহন (b) বানভট্ট (c) কৌটিল্য (d) কালিদাস
57. তাম্র উৎপাদনে প্রথম:
(a) বিহার (b) রাজস্থান (c) অন্ধ্রপ্রদেশ (d) ওড়িশা
58. ভারতে ব্রিটিশ শাসনকে কে 'অ-ব্রিটিশ শাসন' বলিয়াছেন?
(a) রমেশচন্দ্র দত্ত (b) দাদাভাই নওরজি (c) অরবিন্দ ঘোষ (d) ভূপেন্দ্রনাথ দত্ত
59. খর্পরণ (Cupellation) পদ্ধতি কোন ধাতু নিষ্কাশনের সঙ্গে জড়িত?
(a) তামা (b) রুপো (c) টিন (d) সীসা
60. ভারতীয় সংবিধানের কোন ধারায় যে কোনও ধরনের অস্পৃশ্যতাকে অসাংবিধানিক হিসেবে ঘোষণা করা হয়েছে?
(a) 44 ধারা (b) 14 ধারা (c) 45 ধারা (d) 17 ধারা
61. 'বন্দেমাতরম' সংগীতটির গীতিকার কে?
(a) রবীন্দ্রনাথ ঠাকুর (b) জয়দেব (c) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় (d) কাজি নজরুল ইসলাম
62. কর্ণের যে অংশ দেশের ভারসাম্য রক্ষা করে:
(a) অটোলিথ (b) ম্যালিয়াস (c) টিমপ্যানিক পর্দা (d) ককলিয়া
63. সুফীদের কাছে কে 'জিন্দা-পীর' ছিলেন?
(a) নিজামুদ্দিন আউলিয়া (b) সেলিম চিস্তি (c) বদায়ুনী (d) ঔরঙ্গজেব
64. তাপমাত্রা বৃদ্ধির সঙ্গে তরলে কঠিন পদার্থের দ্রব্যতা:
(a) বাড়ে (b) কমে (c) অপরিবর্তিত থাকে (d) বাড়তে, কমতে বা অপরিবর্তিত থাকতে পারে
65. আরাবল্লির সর্বোচ্চ শিখর হচ্ছে:
(a) মাউন্ট আবু (b) কালসুবাঈ (c) গুরুশিখর (d) ডোডাবেট্টা
66. ফেরিক ক্লোরাইডের জলীয় দ্রবণ:
(a) অম্ল (b) ক্ষারীয় (c) প্রশম (d) উভধর্মী
67. গঙ্গার উত্তরে পশ্চিমবঙ্গের অংশকে কী বলে?
(a) রাঢ় (b) বারেন্দ্র (c) টাঁড় (d) ভাবর
68. নাট্যাভিনয় আইন কে পাশ করিয়াছিলেন?
(a) লর্ড কার্জন (b) লর্ড লিটন (c) লর্ড আমহার্স্ট (d) লর্ড ডালহৌসি
69. বিজয়নগর সাম্রাজ্য ও বাহমনি রাজ্যের মধ্যে কোন ভূখণ্ডকে কেন্দ্র করে বিরোধ হত?
(a) মাদুরাই (b) ওয়ারাঙ্গাল (c) মালাবার (d) রায়চুর দোয়াব
70. সালোকসংশ্লেষ সর্বাপেক্ষা সক্রিয়:
(a) নীল আলোকে (b) লাল আলোকে (c) সবুজ আলোকে (d) সাদা আলোকে
71. তমলুকে জাতীয় সরকার গঠনের সর্বাধিনায়ক কে ছিলেন?
(a) অজয় মুখার্জী (b) সুশীল ধাড়া (c) সতীশচন্দ্র সামন্ত (d) বীরেন শাসমল
72. কবুলিয়ত ও পাট্টা প্রবর্তন করেছিলেন:
(a) শেরশাহ (b) আকবর (c) শিবাজি (d) আলাউদ্দিন খলজি
73. এক মেগাওয়াট নির্দেশ করে:
(a) 10^3 ওয়াট (b) 10^4 ওয়াট (c) 10^{10} ওয়াট (d) 10^6 ওয়াট
74. লোহায় মরিচা পড়ার কারণ:
(a) জারণ (b) বিজারণ (c) জারণ ও বিজারণ দুই-ই (d) কোনওটিই নয়
75. আলট্রাসোনিক শব্দ তরঙ্গ শুনতে পায়:
(a) মানুষ (b) বাদুড় (c) পতঙ্গসমূহ (d) বাঘ
76. একটি পেন্ডুলামের দৈর্ঘ্য দ্বিগুণ করলে এর দোলনকাল:
(a) বেড়ে যায় (b) কমে যায় (c) দ্বিগুণ হয় (d) অর্ধেক হয়
77. হীরকের অস্বাভাবিক উজ্জ্বলতার কারণ:
(a) অতিরিক্ত স্বচ্ছতা (b) অধিক প্রতিসরণাঙ্ক (c) অত্যধিক কাঠিন্য (d) অভ্যন্তরীণ গঠন
78. ভারতের সংবিধানে 'রাষ্ট্রপরিচালনার নির্দেশাত্মক নীতি' অর্ন্তভুক্ত করার মুখ্য উদ্দেশ্য হল:
(a) উন্নয়নের সর্বশ্রেষ্ঠ সুযোগ প্রদান করা (b) সরকারের স্বেচ্ছাচারিতা প্রতিহত করা (c) ধর্মনিরপেক্ষ রাষ্ট্র প্রতিষ্ঠিত করা (d) কল্যাণমূলক রাষ্ট্র প্রতিষ্ঠিত করা

উত্তর

1(d), 2(c), 3(b), 4(b), 5(b), 6(c), 7(d), 8(c), 9(b), 10(a), 11(b), 12(c), 13(a), 14(b), 15(b), 16(c), 16(c), 17(d), 18(a), 19(d), 20(b), 21(a), 22(b), 23(b), 24(d), 25(c), 26(c), 27(d), 28(c), 29(c), 30(b), 31(a), 32(c), 33(a), 34(a), 35(b), 36(c), 37(a), 38(a), 39(c), 40(c), 41(b), 42(b), 43(b), 44(a), 45(d), 46(b), 47(c), 48(c), 49(c), 50(a), 51(a), 52(a), 53(b), 54(c), 55(d), 56(a), 57(a), 58(b), 59(a), 60(d), 61(c), 62(d), 63(d), 64(a), 65(c), 66(a), 67(a), 68(b), 69(d), 70(b), 71(c), 72(a), 73(d), 74(a), 75(b), 76(a), 77(b), 78(d).

এরপর আগামী সংখ্যায়

প্রস্তুত করেছেন: সাগর রায়

ঘরে বসে সুগন্ধী তৈরি করে উপার্জন করুন

প্রথম পাতার পর

সুগন্ধী তৈরি করে উপার্জন করছেন। লোকমুখে প্রচারের পাশাপাশি তাঁর বানানো সুগন্ধীর খ্যাতি ছড়িয়েছে সোশ্যাল মিডিয়াতেও। এর ফলে শুধু পরিচিতরাই নন, সারা পৃথিবী জানছে তাঁর কাজের বিষয়ে। চেনা গণ্ডির বাইরে, রাজ্য ও দেশের বিভিন্ন প্রান্ত থেকেও পাচ্ছেন অর্ডার। কুরিয়ারের মাধ্যমে ক্রেতার কাছে পৌঁছে যাচ্ছে সুগন্ধী। তাঁর উদ্ভাবনী চিন্তা আর পাঁচজনের চেয়ে অনেকটাই আলাদা। তাই তাঁর তৈরি সুগন্ধীর চাহিদাও বেশি।

ঘরে বসে সুগন্ধী তৈরি করতে চাইলে অদিতির পরামর্শ নিতে পারেন, চাইলে অদিতির তৈরি সুগন্ধী কিনে বিপণনের ব্যবসাও করতে পারেন। অদিতির সঙ্গে যোগাযোগ: ৯৮৭৫৩-৮১০৭৬।

মাত্র পাঁচ হাজার টাকা পুঁজি নিয়ে শুরু করি সুগন্ধী তৈরির ব্যবসা

অদিতি রায়চৌধুরী, ঘরে তৈরি সুগন্ধী প্রস্তুতকারী

বিয়ের পর, বিশেষ করে সন্তান হওয়ার পরে পরিবারের আর্থিক স্বচ্ছলতা বাড়ানোর জন্য মনে হয়েছিল নিজেরও কিছু করা উচিত। কিন্তু তখন একদম ছোট্ট শিশু ও সংসারের যাবতীয় কাজ ছেড়ে বাইরে গিয়ে কাজ করার মতো পরিস্থিতি ছিল না। সেই সময় ঠিক করলাম ঘরে বসে কিছু করব। এমন কিছু কাজ করার কথা ভাবছিলাম যার মধ্যে নতুনত্ব আছে। ইতিমধ্যে কাগজে হোমমেড পারফিউম তৈরির সার্টিফিকেট কোর্সের বিজ্ঞাপন দেখে উৎসাহিত হই। সেখান থেকে ট্রেনিং নিয়ে আমিও বাড়িতে সুগন্ধী তৈরি শুরু করি।

প্রশিক্ষণ নেওয়ার পরে মাত্র ৫,০০০ টাকা পুঁজি নিয়ে ব্যবসা শুরু করি। প্রথম ১০টি বোতল কিনেছিলাম। বাড়ির চিলেকোঠায় একটা ছোট টেবিলের উপর সুগন্ধী তৈরি শুরু করি। এখনও সেখানেই কাজ করি, আমার বড় কোনও পরিকাঠামো নেই, আর প্রয়োজনও হয় না। প্রথমে পরিচিতরাই কিনতে শুরু করেন। যাঁরা একবার কিনেছেন তাঁরা আবার অর্ডার দিয়েছেন। প্রচারের জন্য সোশ্যাল মিডিয়াকে বেছে নিয়েছি। আশানুরূপ সাড়াও পাচ্ছি। এখন সুগন্ধীর পাশাপাশি রুম ফ্রেশনার ও অ্যারোম্যাটিক ডিফিউশনার তৈরি করছি।

প্রথমে অল্প কয়েকটা এসেন্স দিয়ে শুরু করেছিলাম, এখন প্রায় ৪০টির কাছাকাছি এসেন্সের সুগন্ধী তৈরি করি। এর মধ্যে লাইম ফ্রেশ, জেসমিন, ল্যাভেন্ডার, অরেঞ্জ লাস্ট, ফ্রুটি ফ্রেশ, গ্রিন অ্যাপল, চন্দন ইত্যাদির পাশাপাশি আছে পৃথিবীর নামী ও দামি সুগন্ধীর এসেন্সও। এছাড়া কাস্টমাইজড পারফিউমও তৈরি করি। পুরো কাজটাই নিজে হাতে করি। কুরিয়ারের প্যাকিংয়ে সাহায্য করেন আমার স্বামী। আমার তৈরি সুগন্ধীর নাম রিয়ানসিস এসেন্স (Riyanshi's Essence)। সুগন্ধী তৈরি শুরু করার পর গত দেড় বছর ধরে কলকাতার ম্যাডক্স স্কোয়্যার, ত্রিধারা সম্মিলনী, হাজরা, গোলপার্ক ও গড়িয়াতে এবং কলকাতার বাইরে খড়দাতে বিভিন্ন প্রদর্শনীতে যোগ দিয়েছি। আমার তৈরি পারফিউমকে লোকে চিনেছেন এই ভাবে, পছন্দও করেছেন। এখন শুধু কলকাতা নয়, ভারতের বিভিন্ন জায়গা থেকে অর্ডার পাই। ইতিমধ্যে কুরিয়ার করে পাঠিয়েছি মহারাষ্ট্রের পুণে ও মুম্বইয়ে, উত্তর প্রদেশের গাজিয়াবাদে, কর্নাটকের বেঙ্গালুরু, মেঘালয়ের শিলংয়ে এবং ওড়িশা ও ত্রিপুরায়। আজ করোনার জন্য অনেকেই কাজ হারিয়েছেন, তাঁরা ঘরে বসে নতুন কিছু করতে চাইছেন। হোমমেড পারফিউম উপার্জনের পথ দেখাতে পারে তাঁদের। যাঁরা নিজেরা সুগন্ধী তৈরি শিখতে চান না, তাঁরা আমার তৈরি সুগন্ধী হোলসেলে কিনে বিক্রিও করতে পারেন। এ ব্যাপারে পূর্ণ সহযোগিতা পাবেন আমার কাছ থেকে।

কলকাতার ভেরিয়েবল এনার্জি সেন্টারে ট্রেনি, ড্রাইভার এবং ওয়ার্ক অ্যাসিস্ট্যান্ট

স্টাইপেন্ডারি ট্রেনি, ড্রাইভার এবং ওয়ার্ক অ্যাসিস্ট্যান্ট পদে ৪১ জনকে নেবে কলকাতার ভেরিয়েবল এনার্জি সাইক্লোট্রন সেন্টার। এটি কেন্দ্রের অ্যাটমিক এনার্জি বিভাগের অধীনস্থ একটি প্রতিষ্ঠান। ট্রেনি পদের ক্ষেত্রে ট্রেনিংয়ের মেয়াদ ২ বছর। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: VECC-01/2021.

শূন্যপদের বিবরণ: পোস্ট কোড ডি আর/০৪: **ওয়ার্ক অ্যাসিস্ট্যান্ট 'এ'**: ৫টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক।

পোস্ট কোড ডি আর/০৩: **ড্রাইভার (অর্ডিনারি গ্রেড)**: ৩টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে বৈধ লাইট ও হেভি মোটর ভেহিক্যল ড্রাইভিং লাইসেন্স, সংশ্লিষ্ট কাজে ৩ বছরের অভিজ্ঞতা এবং মোটর মেকানিজম সম্পর্কে জ্ঞান থাকতে হবে। প্রার্থীকে হিন্দি ভাষা জানতে হবে। টু-হুইলার গাড়ি চালানোর বৈধ লাইসেন্স থাকলে অগ্রাধিকার।

বয়স: ২০-৫-২০২১ তারিখে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে।

বেতন: ওয়ার্ক অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে ১৮,০০০ টাকা এবং ড্রাইভার পদের ক্ষেত্রে ১৯,৯০০ টাকা।

স্টাইপেন্ডারি ট্রেনি ক্যাটেগরি-১: পোস্ট কোড টি আর/০১: ফিজিক্স: ৪টি। শিক্ষাগত যোগ্যতা: ৬০ শতাংশ নম্বর-সহ বি এসসি। স্নাতকে প্রধান বিষয় হিসেবে ফিজিক্স এবং সহায়ক বিষয় হিসেবে ম্যাথমেটিক্স বা কেমিস্ট্রি বা স্ট্যাটিস্টিক্স বা ইলেক্ট্রনিক্স বা কম্পিউটার সায়েন্স পড়ে থাকতে হবে। পোস্ট কোড টি আর/০২: ইলেক্ট্রনিক্স: ৫টি। শিক্ষাগত যোগ্যতা: ৬০ শতাংশ নম্বর-সহ ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা।

স্টাইপেন্ডারি ট্রেনি ক্যাটেগরি-২: পোস্ট কোড টি আর/০৫: ফিজিক্স: ৩টি। শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক, সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে সার্টিফিকেট কোর্স পাশ। অথবা, অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক পাশ। উচ্চমাধ্যমিকে ফিজিক্স, কেমিস্ট্রি এবং ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে।

পোস্ট কোড টি আর/০৭: ইলেক্ট্রনিক্স: ৯টি। পোস্ট কোড টি আর/০৯: ইলেক্ট্রিক্যাল ৬টি, পোস্ট কোড টি আর/১০: মেশিনিস্ট: ৩টি, পোস্ট কোড টি আর/১২: রেফ্রিজারেশন/এয়ারকন্ডিশনিং: ৩টি। শিক্ষাগত যোগ্যতা: ৬০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক, সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে ২ বছর মেয়াদের আই টি আই বা ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট কোর্স পাশ। অথবা ১ বছর মেয়াদের আই টি আই সার্টিফিকেট কোর্স পাশ, সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে ১ বছরের কাজের অভিজ্ঞতা বা ১ বছর মেয়াদের ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট কোর্স পাশ।

বয়স: ২০-৫-২০২১ তারিখে স্টাইপেন্ডারি ট্রেনি-ক্যাটেগরি-১-এর ক্ষেত্রে ১৮ থেকে ২৪ বছর এবং স্টাইপেন্ডারি ট্রেনি-ক্যাটেগরি-২-এর ক্ষেত্রে ১৮ থেকে ২২ বছরের মধ্যে হতে হবে।

দৈহিক মাপজোক: উচ্চতা: ১৬০ সেমি, ওজন: ৪৫.৫ কেজি।

স্টাইপেন্ড: ক্যাটেগরি-১-এর ক্ষেত্রে প্রথম বছরে প্রতি মাসে ১৬,০০০ টাকা, দ্বিতীয় বছরে ১৮,০০০ টাকা। ক্যাটেগরি-২-এর ক্ষেত্রে প্রথম বছরে প্রতি মাসে ১০,৫০০ টাকা এবং দ্বিতীয় বছরে ১২,৫০০ টাকা।

সফল ভাবে ট্রেনিং শেষে ক্যাটেগরি-১-এর ক্ষেত্রে নিয়োগ করা হবে সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট/সি, ক্যাটেগরি-২-এর ক্ষেত্রে টেকনিশিয়ান/বি এবং সি পদে।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। ড্রাইভার পদের ক্ষেত্রে অতিরিক্ত ড্রাইভিং টেস্ট, ক্যাটেগরি-১-এর ক্ষেত্রে অতিরিক্ত ইন্টারভিউ এবং ক্যাটেগরি-২-এর ক্ষেত্রে অ্যাডভান্সড টেস্ট ও স্কিল টেস্ট নেওয়া হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://recruitment.vecc.gov.in দরখাস্তের শেষ তারিখ ২০ মে। ফি বাবদ অনলাইনে দিতে হবে ওয়ার্ক অ্যাসিস্ট্যান্ট, ড্রাইভার এবং স্টাইপেন্ডারি ট্রেনি ক্যাটেগরি-২-এর ক্ষেত্রে ১০০ টাকা, স্টাইপেন্ডারি ট্রেনি ক্যাটেগরি-১-এর ক্ষেত্রে ১৫০ টাকা। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের কোনও ফি লাগবে না। খুঁটিনাটি তথ্য জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

IAS/IPS/WBCS-এর গবেষণামূলক প্রস্তুতি

ছাত্রছাত্রীরা চূড়ান্তভাবে সফলতা পেয়েছে স্যারের সান্নিধ্যে এসে Group C ও D-তে।

সাগর রায়

ঠিকানা: 45/1, সাতকড়ি চ্যাটার্জি লেন, হাওড়া-711 101

Ph: 98740 69897

রাজ্যের ৭২৩৭ আসনে নার্সিংয়ের ডিপ্লোমা ও সার্টিফিকেট কোর্সে ভর্তি

প্রথম পাতার পর

গ্রামার (১০ নম্বর), জেনারেল নলেজ (৫ নম্বর) এবং লজিক্যাল রিজনিং (৫ নম্বর)। পরীক্ষা নেওয়া হবে সকাল ১১টা থেকে দুপুর সাড়ে ১২টা পর্যন্ত। নেগেটিভ মার্কিং আছে। পরীক্ষার অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে ১৬ অগস্ট থেকে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbjeeb.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদনের শেষ তারিখ ২৭ এপ্রিল।

দরখাস্তের সময় কম্পিউটারে স্ক্যান করে আপলোড করতে হবে এইসব নথি: প্রার্থীর রঙিন ফটো (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে, ১০ থেকে ২০০ কেবি সাইজের মধ্যে), সই (৪ থেকে ৩০ কেবি সাইজের মধ্যে), প্রয়োজনীয় নথিপত্র (পি ডি এফ ফর্ম্যাটে, ৫০ থেকে ৩০০ কেবি সাইজের মধ্যে)।

ফি বাবদ অনলাইন ব্যবস্থায় দিতে হবে ৩০০ টাকা (তফসিলি, ও বি সি এবং অনাথ প্রার্থীদের ক্ষেত্রে ২০০ টাকা)। ব্যাঙ্ক চার্জ অতিরিক্ত। ফি জমা দেওয়া যাবে অনলাইনে ডেবিট বা ক্রেডিট বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে সাবমিটের পর কনফার্মেশন পেজের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

সাবমিট করা আবেদনপত্রে ত্রুটি থাকলে তা সংশোধন করা যাবে ২৮ থেকে ৩০ এপ্রিল পর্যন্ত।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

উত্তরপ্রদেশ বিদ্যুৎ নিগমে ১১৭

প্রথম পাতার পর

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটারভিত্তিক পরীক্ষার মাধ্যমে।

দরখাস্ত করতে হবে অনলাইনে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.uprvunl.org দরখাস্তের শেষ তারিখ ৫ মে। প্রার্থীর নিজস্ব ই-মেল আই ডি থাকতে হবে। দরখাস্তের সময় ফটো, সই এবং অন্যান্য প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল কম্পিউটারে স্ক্যান করে আপলোড করতে হবে।

ফি বাবদ অনলাইনে স্টেট ব্যাঙ্ক কালেক্টের মাধ্যমে দিতে হবে ১,০০০ টাকা। ফি জমা দেওয়ার শেষ তারিখ ৭ মে।

অনলাইন দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন। সাবমিট করা দরখাস্ত এবং ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি করে প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য আগ্রহীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট।



স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও এবিপি প্রাঃ লিঃ, মৌজা: বড়বেড়িয়া, পোঃ জগন্নাথপুর, থানা: বারাসাত, জেলা: ২৪ পরগনা (উঃ) থেকে মুদ্রিত। **প্রধান সম্পাদক:** অমরেন্দ্র চক্রবর্তী **সম্পাদক:** মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: swarnakshar.prakasani@gmail.com Website: www.swarnakshar.in